ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হন

আর এটা এইরূপে পড়া হয়

আর গিলিয়দ...প্রবাসীদের মধ্যবর্তী তিশবীয় এলিয় আহাবকে কহিলেন, আমি যাহার সাক্ষাতে দণ্ডায়মান, ইস্রায়েলের ঈশ্বর সেই জীবন্ত সদাপ্রভুর দিব্য, এই কয়েক বছর শিশির কি বৃষ্টি পড়িবে না, কেবল আমার কথানুসারে পড়িবে।

পরে তাহার নিকটে সদাপ্রভুর এই বাক্য উপস্থিত হইল,

তুমি এই স্থান হইতে প্রস্থান করিয়া পূর্বদিকে যাও, এবং জর্ডনের সম্মুখস্ত করিৎ—করিৎ স্রোতের ধারে (আমি বলতে চাইছিলাম) *লুকাইয়া থাক।*

সে স্থানে তুমি স্রোতের জল পান করিতে পাইবে, আর আমি কাকদিগকে তোমার খাদ্য দ্রব্য যোগাইবার আজ্ঞা দিয়াছি...

তখন তিনি গিয়া সদাপ্রভুর বাক্যানুসারে কর্ম করিলেনঃ জর্ডনের সম্মুখস্থ করিৎ স্রোতের ধারে গিয়া, অবস্থিতি করিলেন।

আর কাকেরা তাহার জন্য প্রাতঃকালে রুটি ও মাংস, এবং সন্ধ্যাকালেও রুটি ও মাংস আনিয়া দিত; আর তিনি স্রোতের জল পান করিতেন।

কিছু কাল পড়ে, দেশে বৃষ্টি না হওয়াতে, ঐ স্রোত শুষ্ক হইয়া গেল।

পরে তাহার নিকটে সদাপ্রভুর এই বাক্য, উপস্থিত হইল,

তুমি উঠ, সীদনের অন্তঃপাতী সারিফতে গিয়া, সেখানে বাস করঃ দেখ, আমি তথায় এক বিধবাকে তোমার খাদ্য দ্রব্য যোগাইবার আজ্ঞা দিয়াছি।

তখন তিনি উঠিয়া সারিফতে যাত্রা করিলেন। আর যখন সেই নগরের দ্বারে উপস্থিত হইলেন, দেখ, সেই স্থানে এক বিধবা কাষ্ঠ কুড়াইতেছেঃ তিনি তাঁহাকে ডাকিয়া, কহিলেন, বিনয় করি, তুমি একটি পাত্রে করিয়া কিঞ্চিৎ জল আন, আমি পান করিব।

সে স্ত্রীলোকটি তাহা আনিতে যাইতেছে, ইতিমধ্যে তিনি তাঁহাকে ডাকিয়া, কহিলেন, বিনয় করি, আমার জন্য এক খন্ড রুটি, হাতে করিয়া আনিও।

সে কহিল, তোমার ঈশ্বর জীবন্ত সদাপ্রভুর দিব্য, আমার ঘরে একটি পিষ্টকও নাই, কেবল জালায় এক মুষ্টি ময়দা, ও ভারে কিঞ্চিৎ তৈল আছেঃ আর, দেখ, আমি খান দুই কাষ্ঠ কুড়াইতেছি, তাহা লইয়া গিয়া আমার ও আমার ছেলেটির জন্য উহা পাক করিব, পরে আমরা তাহা খাইয়া মরিব।

এলিয় তাঁহাকে কহিলেন, ভয় করিও না, যাহা বলিলে তাহা কর গিয়াঃ কিন্তু প্রথমে তাহা হইতে আমার জন্য একটি ক্ষুদ্র পিষ্টক, প্রস্তুত করিয়া আন, পড়ে আপনার ও...ছেলেটির জন্য প্রস্তুত করিও।

কেননা ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভু এই কথা কহেন, যেদিন পর্যন্ত সদাপ্রভু ভূতলে বৃষ্টি না দেন, সেইদিন পর্যন্ত তোমার ময়দার জালা শূন্য হইবে না, ও তৈলের ভার শুকাইয়া যাইবে না।

তাহাতে সে গিয়া এলিয়ের বাক্যানুসারে করিলঃ আর সে, এবং এলিয়, এবং সেই স্ত্রীলোকের পরিজন অনেকদিন পর্যন্ত ভোজন করিল।

সদাপ্রভু, এলিয়ের দ্বারা যে বাক্য বলিয়াছিলেন, তদনুসারে ঐ ময়দার জালা শুন্য হইল না, তৈলের ভাঁড়ও শুকাইল না।

এই সকালের আলোচনার জন্য, বিদেশে যাওয়ার ঠিক আগে, আমি একটি বিষয়কে বেছে নিয়েছি, এইটি হলঃ *ঈশ্বরের বিষয়ে নিশ্চিত* হওয়া।

2 আর এখন, প্রভু, আপনার বাক্যকে আশীর্বাদ করুন যখন এটা আগে যায়, আর যেন পবিত্র আত্মা আমাদের মন ও চিন্তাধারাকে তাঁর নিয়ন্ত্রণে নিয়ে নেন, আর তাঁর পরিদর্শনের জন্য আমাদেরকে প্রস্তুত করুন, যেমন আমরা তাঁকে আমাদের মধ্যে আহ্বান জানিয়েছি। কারণ আমরা প্রভুর ভবনে অন্যদের দেখতে বা নিজেদেরকে দেখাতে আসি না, কিন্তু আপনার বিষয়ে শিখতে এবং আপনার স্বভাবকে জানতে, আপনার পথ এবং আপনার উদ্দেশ্যকে জানবার জন্য আসি, যাতে আমরা জীবনের সমস্যাগুলোর সম্মুখীন হতে সমর্থ হই, একটি প্রকৃত নিশ্চয়তার সাথে, ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হয়ে। এটা গ্রহন করুন, প্রভু। আমরা এটি যীশুর নামে চাইছি। আমেন।

3 এটি একটি ভয়ঙ্কর সকাল ছিল। আবহাওয়া এত গরম এবং ধুলোময় ছিল, এবং মানুষ রাস্তায় দাঁড়িয়ে ছিল, অনাহারে, এবং পৃথিবী এত গরম ছিল যেন এটা পুরে যাবার জন্য প্রস্তুত হয়ে গিয়েছিল। এই সব তাদের পাপ এবং তাদের নৈতিক ক্ষয়ের প্রতিফলন ছিল।

4 আপনি দেখুন, সেই সময়, আহাব ইস্রায়েলে—ইস্রায়েলে রাজত্ব করছিল, অথবা ইস্রায়েলের ওপর রাজত্ব করছিল, আর সে ইস্রায়েলের সমস্ত রাজাদের মধ্যে সবচেয়ে বেশী দুর্নীতিপরায়ণ ছিল। আহাবের মতো কোনও দুষ্ট রাজা ছিল না, কারণ সে, এক ভালো শিক্ষাপ্রাপ্ত ও ভাল জ্ঞানযুক্ত ব্যক্তি ছিল, অতএব সে যা কিছু করেছিল তা দিয়ে ঈশ্বরকে অসন্তুষ্ট করতে কোন কিছু বাকি রাখে নি। যদিও তাঁর কাছে একটি মহান সামরিক তন্ত্র ছিল, এবং লোকেরা তার রাজত্বের অধীনে খুব সমৃদ্ধ হয়েছিল, কিন্তু, তবুও, আপনি ঈশ্বরকে অসন্তুষ্ট করে এবং খুব দীর্ঘ সময় ধরে চলতে থাকার প্রত্যাশা করতে পারবেন না।

5 আর তারপর, তার বিয়ের ব্যাপারেও, তার নিজের লোকদের মধ্যে বিয়ে করার পরিবর্তে, সে একটি পাপী, একটি প্রতিমাপূজক, এবং মূর্তিপূজকের সঙ্গে বিবাহ করেছিল। সে ঈষেবলকে বিয়ে করেছিলেন। আর সে একটি বিশ্বাসিনী ছিল না।

6 কোন বিশ্বাসীর কোন পরিস্থিতিতেই, একটি অবিশ্বাসীর সঙ্গে কখনও বিবাহ করা উচিত নয়। সবসময় বিশ্বাসীদের মধ্যেই বিবাহ করা উচিত।

7 কিন্তু আহাব এই মন্দ কাজটি করেছিল। আর এতে কোন সন্দেহ নেই যে ঈষেবল একটি সুন্দরী নারী ছিল। আর সে প্রকৃতরূপে যা ছিল তাঁর পরিবর্তে আহাব তাঁর বাইরের সৌন্দর্যতায় মুগ্ধ হয়ে পড়েছিল। সেটাই, আজ অনেক মানুষ এই একই ভুল করে চলেছে।

8 আর সেই নারী দেশের ভেতর, লোকদের মধ্যে মূর্তিপূজাকে নিয়ে এসেছিল। আর সেখানকার মানুষ, যাজক, সেবকরা, এই মহান জনপ্রিয় চাহিদার শিকার হয়ে গিয়েছিল।

9 আর আজ আমাদের দেশের এটিই চিত্র। আমরা জনপ্রিয় চাহিদার অধীনে পতিত হয়ে গিয়েছি। কোন সন্দেহ নেই যে মূর্তিপূজাকে সেই সময় যাজকেরা মনে করেছিলেন যে, এটি ঠিক আছে, যতদিন তাদের সরকার তা অনুমোদন করছে। কিন্তু আমি এই বিষয়ে পরোয়া করি না যে সরকার কোন বিষয়ের অনুমোদন দিচ্ছে, কিন্তু ঈশ্বর কোন বিষয়ের অনুমতি দিচ্ছেন সেটাই আমার কাছে জরুরী।

আর লোকেরা মনে করেছিল যে, যদি তারা তাদের কিছু জাগতিক বিষয়গুলোতে প্রত্যাশা রাখে, তবে তা ঠিকই আছে।

10 আর কেউ আমাকে বলতে পারে যে আমি যা বলেছি তা পুনর্বিবেচনার জন্য, যে এটি আজকের একটি সম্ভাব্য ছবি। আমরা মনে না করতে পারি যে আমরা প্রতিমাপূজক, কিন্তু আমরা তাই। আর সরকার তা সমর্থন করে। লোকেরা আজ মূর্তিপূজক, কারন তারা—তারা মূর্তি পূজা করে। তাদের মধ্যে কেউ কিছু চলচিত্রের তারকাদের পূজা করে, মূর্তি হিসেবে। কিছু লোক টাকাকে পূজা করে, মূর্তি হিসেবে। আর কিছু লোকেরা টেলিভিশনের তারকাদের পুজা করে, মূর্তি হিসাবে। কিন্তু যা কিছু আপনারা ঈশ্বরের অগ্রে রেখেছেন তা হল একটি মূর্তির মতই, এটা যা হোক না কেন।

11 এমনকি শয়তান, আমাদের মহা বিপক্ষ, এমনই একটি ধূর্ত, যতক্ষণ না সে কখনও কখনও ঈশ্বরের অগ্রে মন্ডলীকে সামনে দাঁড় করিয়ে দেয়। আপনার কাছে একটি মহান গির্জা থাকতে পারে। এটি একটি মহান ভবন হতে পারে, অথবা এটি একটি মহান সংস্থা হতে পারে। আর আবার, এটি একটি মহান মণ্ডলী হতে পারে, কিন্তু আপনার হৃদয়ে, ঈশ্বরের অগ্রে কিছুই আসতে দিবেন না। ঈশ্বরের অগ্রে যা কিছু রাখবেন, তা হবে একটি প্রতিমা।

12 আর এই লোকেরা জানত যে, তারা আগের মতো আত্মিক ছিল না যেমন তারা আগে ছিল, অন্যান্য রাজাদের রাজত্বের নীচে। আর তারা ভেবেছিল, যেহেতু তারা এক ধার্মিক দেশের নাগরিক তাই তাদের জন্য সবকিছুই হল ঠিক। আর এভাবেই আমরাও সেই স্থানে এসে পড়েছি।

13 কিছু মাস আগে আমি আমার এক খুব ভালো বন্ধুর সাথে কথা বলছিলাম। আর তিনি বললেন, "ভাই ব্রানহাম, আমি বিশ্বাস করি যে আপনি মার্কিন যুক্তরাষ্ট্রকে পিনবদ্ধ করে দিয়েছেন।" তিনি বললেন, "আপনি সবসময় পাপের বিরুদ্ধে গর্জন করেছেন এবং কিভাবে ঈশ্বর এই রাষ্ট্রকে শাস্তি দিতে চলেছেন।"

14 আমি বললাম, "তাকে ন্যায়পরায়ন হয়ে থাকতে হলে, তাকে এটা করতেই হবে।"

তিনি বললেন, "কিন্তু, ভাই ব্রানহাম, আপনি ভুলে যাচ্ছেন যে এই রাষ্ট্রটি স্থাপিত হয়েছে শাস্ত্রের ওপর ভিত্তি করে। আর আমাদের পিতৃপুরুষরা এখানে এসেছিলেন, আর ঈশ্বর আমাদেরকে এই দেশটি উত্তরাধিকারসুত্রে দিয়েছেন। আর আমরা একটি ধর্মপরায়ণ দেশ।"

15 আমি বললাম, "সেটা সত্য, এর সবটাই সত্য। আর কেউ জানে না যে আমি কতটা প্রশংসা করি এই দেশটির! কিন্তু, দেখুন, আমার ভাই, ইস্রায়েলও ঈশ্বরের মনোনীত দেশ ছিল, আর ঈশ্বর সেখানে তাঁর ভাববাদীদের এবং মহান ব্যক্তিদের পাঠিয়েছিলেন। কিন্তু ঈশ্বর পাপকে সহ্য করতে পারেন না। তিনি এমন করেছিলেন যে ইস্রায়েল যা যা বুনেছিল তাকে সেটাই কাটতে হয়েছিল। আর যদি তিনি ইসরায়েলকে এমন করতে পারেন যে সে যা বুনেছিল তাই তাকে কাটতে হয়েছে, তাহলে তিনি আমাদেরকেও তাই করবেন আমরা যা বুনেছি সেটাই কাটতে হবে। তিনি কারও মুখাপেক্ষা করেন না।"

16 আর আমরা এমন জায়গায় পৌঁছে গিয়েছি যে ভাবতে শুরু করেছি যে যেহেতু আমরা আমাদের পিতৃপুরুষদের কার্যের ওপর বিশ্রাম করছি, অথবা, আমাদের মণ্ডলীগুলোর মহান স্থাপকদের কার্যের ওপর বিশ্রাম করছি, ঈশ্বরের প্রতি তাদের মহান বলিদানের ওপর, যেটা ঠিক আছে আর তা অনেক প্রশংসনীয়, কিন্তু আমরা তাদের কার্যের ওপর আমাদের পরিত্রাণকে টেনে আনতে পারি না! পরিত্রান হল প্রত্যেক ব্যক্তি এবং ঈশ্বরের মধ্যে একটি ব্যক্তিগত ব্যাপার। আমাদের রাষ্ট্রের দ্বারা নয়, আমাদের মণ্ডলীর দ্বারা নয়, কিন্তু ঈশ্বরের সামনে আমাদের নিজেদেরকেই, আমাদেরকে উত্তর দিতে হবে।

17 এই ধরনের বিষয় আমাদের দেশের ভেতরে এমন একটি সীমা পর্যন্ত পৌঁছে গিয়েছে যে, আমাদের মাঝে থাকা সমস্ত আত্মিক ব্যক্তিদের মধ্যে এর প্রভাব পড়ে গিয়েছে, আপনারা সেই আত্মিক পুরুষ এবং মহিলাদের কাছে যান, এবং আপনি পাবেন যে তাদের হৃদয়ের গভীরে কোনকিছুর অভাব আছে।

18 গত কয়েক সপ্তাহ ধরে, আমাদের এরকমই কিছু অভিজ্ঞতা হয়েছে, আমি এই ধরনের বিষয়ের মধ্য দিয়েই পার হয়েছি, আর পেলাম যে সেই ব্যক্তিদের ভেতর যাদেরকে আমি অধিক আত্মিক ব্যক্তি বলে মনে করতাম, তবুও পেলাম যে তারা পার্থিব বস্তুর ওপর জোর দিচ্ছে, চারিদিকে যাচ্ছে আর বলছে, "ঈশ্বর আমায় সবচেয়ে বড় *এটা-ওটা* দিয়েছেন। ঈশ্বর দিয়েছেন..." আপনারা প্রতারনা করছেন।

19 বড় বড় জাগতিক বস্তুগুলো যেগুলো দেখতে মহান মনে হয় সর্বদা ঈশ্বরের ইচ্ছা অনুসারে হয় না। ঈশ্বর ধার্মিক এবং অধার্মিকদের ওপরে বৃষ্টির জল বর্ষান। কিন্তু আজ জগতের যা প্রয়োজন তা বিশ্বাসের কোন ধাপ্পাবাজি নয়, নিজেকে কোনকিছুর ফাঁদে ফেলে এবং তারপর এটিকে আধ্যাত্মিক বলা নয়।

20 কখনও কখনও বিশ্বাস মহান অদ্ভুত কার্যকে করবে, আর তবুও এটা একটা আত্মিক হৃদয় থেকে নাও আসতে পারে। আমাদের প্রভু কি বলেন নি ? "অনেকেই আমার কাছে আসবে, সেই দিন, আর বলবে, 'আপনার নামে কি আমরা *এটা* এবং *ওটা* করিনি ?' আর আমি তাদেরকে বলব, 'হে অধর্মাচারীরা, আমার নিকট হইতে দূর হও।'" অধর্মাচারন কি ? এটা হল এমন কিছু যা আপনি জানেন যে এটা ঠিক আর তবুও আপনি সেটা করেন না। "আমি তোমাদের কখনও জানি নাই," তিনি বলবেন। আর আমরা সেই দিনে বাস করছি।

21 আজকে আমাদের যা দরকার তা অনেক বস্তুগত জিনিস নয়। আমাদের কাছে তা আছে। আমাদের বৃহত্তর গীর্জার প্রয়োজন নেই। আমাদের বৃহত্তর মণ্ডলীগুলির প্রয়োজন নেই। রেডিও এবং টেলিভিশনে আমাদের আর অধিক প্রয়োজন নেই। আমাদের এসবের অনেক বেশি প্রয়োজন নেই। কিন্তু আজকে আমাদের যা প্রয়োজন, আধ্যাত্মিক হওয়ার জন্য, এমন ব্যক্তিদের যাঁরা ঈশ্বরের সামনে নিজেদেরকে নত করবে, যদি তাদের কাছে একটি মুদ্রাও না থাকে, এবং ততক্ষন প্রার্থনা করবে যতক্ষণ না তাদের মধ্যে ঐ আত্মা ঈশ্বরের উত্তমতার দ্বারা সন্তুষ্ট হয়ে ওঠে এবং একটি পুনরজাগরন ঘটে যায় তাদের হৃদয়ের ভিতরে, যা তাদের মনোভাব এবং পরিবেশকে পরিবর্তন করে দিবে যাতে তারা বাস করছে।

22 আপনার পায়ে এক জোড়া জুতো নাও থাকতে পারে, আপনি ছেড়া জামাকাপড় পরিহিত হতে পারেন, কিন্তু আপনার হৃদয়ে ঈশ্বরের কিছু সঙ্গীত হয়ে যাচ্ছে। আমি বরং বিশ্বের সমস্ত অর্থের চেয়ে এটিই চাইব।

23 তাই আপনি বলতে পারেন না যে প্রাকৃতিক জিনিষ সবসময় ঈশ্বরের আশীর্বাদের চিহ্ন। দায়ূদ প্রভুর কাছে এই কথা বলেছিলেন যে, তিনি দেখেছিলেন যে, দুষ্ট লোককে বিস্তৃত হতে...একটি বড় চিরহরিৎ বৃক্ষের মত। কিন্তু ঈশ্বর তাকে জিজ্ঞাসা করলেন, "তুমি কি কখনো তার শেষ পরিনতির বিষয়ে বিবেচনা করেছ ?" এতে কিছু আসে যায় না যে আমরা কত ভালো পোশাক পরিধান করতে পারি, কতটুকু আমাদের খেতে হবে, সেগুলো ঈশ্বরের উপস্থিতিতে যায় না। এই শরীর যাতে আমরা বাস করছি, তা নষ্ট হয়ে যায়, নির্বিশেষে এটির যতই যত্ন নেওয়া হোক না কেন। কিন্তু মানুষের মধ্যে যে প্রান আছে সেটাই সেখানে যেতে পারবে; এটা আত্মার একটি অবস্থা যা জীবন্ত ঈশ্বরের উপস্থিতিতে চলাফেরা করে।

24 কিন্তু আমরা অনেক কিছুকে এমনিই গ্রহন করে নি। আমরা মনে করি যে যেহেতু আমরা একটি জাতি...আহাব এবং সমস্ত ইস্রায়েলের ক্ষেত্রেও সেটাই ছিল, সেই দিন, তারা এমনিই গ্রহণ করে নিয়েছিল যে, সবকিছু যা তারা করছিলো

সব ঠিক ছিল। তাদের যাজকরা এবং প্রচারকরা তাদের বলবার চেষ্টা করছিলো, “সব ঠিক আছে। সবকিছু ঠিক আছে।” কিন্তু তাদের মধ্যে একজন ছিল, সে ভুল জিনিসের বিরুদ্ধে চিৎকার করে উঠেছিল, কারণ এই একজন জানত যে এক পবিত্র ঈশ্বর একটি অধর্মপূর্ণ আধুনিক প্রবণতাযুক্ত ধর্মে সন্তুষ্ট হতে পারেন না।

25 তাই আজও স্বর্গের ঈশ্বর একইরকম আছেন। আমাদের সমস্ত প্রচেষ্টায় এবং বড় কিছু যা আমরা করতে চেষ্টা করছি, ঈশ্বর তাঁর সামনে একটি সম্পূর্ণ পবিত্রকৃত জীবনের বাইরে সন্তুষ্ট হবেন না।

26 আমরা স্কুল নির্মাণ, এবং ধর্মীয় মঠ এবং ভজনালয় নির্মাণ করতে পারি। আমাদের কাছে প্রতিষ্ঠান থাকতে পারি। আমরা মহান জিনিস করতে পারি, কিন্তু তবুও ঈশ্বর সন্তুষ্ট হবেন না যতক্ষণ না মানুষের প্রান ঈশ্বরের বেদীতে একটি পবিত্রকৃত হয়ে যায়, ঈশ্বরের কাজ করার জন্য শুচি হয়ে যায়। আর আপনি সেটা আর খুঁজে পাবেন না।

27 আপনি পাবেন যে আমাদের প্রার্থনা সভাগুলো এতটা দুর্বল হয়ে পড়েছে, প্রায় এক মিনিট প্রার্থনা করেই, বিছানায় লাফিয়ে উঠে পড়া। আমরা খুঁজে পাই যে আমরা দিনে এক অথবা দুবার এরকমই করি। যখন, আমরা সবাই দোষী। আমাদের রাষ্ট্র, নৈতিকভাবে, ক্ষয় হয়ে যাচ্ছে। আমরা সব জায়গায় বিলি গ্রাহাম এবং ওরাল রবার্টসদের পেয়েছি। কিন্তু আমেরিকার হৃদয়ে যতক্ষণ না একটি তৃষ্ণা আসে, একে জীবন্ত ঈশ্বরের কাছে আবার ফিরিয়ে আনতে, এক জীবন্ত অভিজ্ঞতায় নিয়ে আসতে, জীবন্ত ঈশ্বরের প্রতি অন্তহীন বিশ্বাসে নিয়ে আসতে গিয়ে, আমরা কেবল আমাদের মস্তিষ্ককে মারছি, যেমনটা বলা যেতে পারে।

28 আমরা আমাদের বুক ফুলিয়ে হাঁটতে পারি, আমাদের গলাবন্ধকে পিছনে তুলে দিয়ে, এবং রাস্তায় নিচে হাঁটতে পারি, এবং চাইতে পারি যেন সবাই আমাদের “ডক্টর” অথবা “শ্রদ্ধেয়” বলে ডাকে। আমরা দেশের মহানতম গীর্জার পালক হতে পারি, এবং আমরা যতোটা পবিত্র হয়ে থাকা যায় আমরা হতে পারি, যে কেউ আমাদের জীবনযাত্রার দিকে একটি আঙুল তুলতে পারবে না। কিন্তু যতক্ষণ না সেই প্রাণ যা আমাদের ভিতরে আছে ঈশ্বরের জন্য অগ্নিময় হয়ে ওঠে, যতক্ষণ পর্যন্ত সেখানে কিছু না হয়ে যায়, তার প্রতি তীব্র আকাঙ্খিত না হয়ে যায়! “হরিণী যেমন জলস্রোতের আকাঙ্খ্যা করে, তেমনি হে ঈশ্বর, আমার প্রান তোমার আকাঙ্খ্যা করিতেছে।” যতক্ষণ না আমরা এই ধরনের একটি অভিজ্ঞতা লাভ করি!

29 সুতরাং, সাম্যবাদ, আর ওসব, তারা ভুমিকে ধিরে ধিরে অধিকার করে নিচ্ছে, এবং আমরা যে সব কিছুতে যোগদান করে চলেছি সেগুলো এটিকে কখনই বন্ধ করতে পারবে না। এটি আসার বিষয়ে পূর্বেই ভবিষ্যৎবানী করা হয়েছে। কিন্তু ঈশ্বর তাঁর মণ্ডলীকে আহ্বান করছেন।

30 এই ছোট্ট মহিলাটি এলীয়ের চারিত্রিক গুনের সামনে কীভাবে থেকে ছিল! কারণ, সাধারণত আপনার কর্ম আপনাকে দেখায় যে আপনি কি। আর, আবার, সে ঈশ্বরের ভাব্বাদীকে সেবা করার জন্য নির্বাচিত হয়েছিল। মনে রাখবেন, সে একজন পরজাতীয় ছিল, একজন ইহুদী নয়।

31 আর ভুমি গরমে পুড়ে যাচ্ছিল। আর কোন সন্দেহ নেই যে এই ছোট মহিলাটি, সেরকম চারিত্রিক গুণসম্পন্নাবিশিষ্ট, বিশ্বাসীদের প্রতিনিধিত্বকারী...কারন আমরা দেখি যে ঈশ্বর তাকে আহ্বান করতেন না, যদি সে ঈশ্বরের ভাববাদীকে সেবা করার জন্য যোগ্য না হত। কারন তিনি কখনই তাঁর ভাববাদীকে এমন গৃহে পাঠাতেন না যা তাকে সেবা করতে অযোগ্য ছিল।

32 এটা তার মনোনয়ন ছিল না। এটা ঈশ্বরের মনোনয়ন ছিল। এটা তার জন্য সেই মহিলার আমন্ত্রন ছিল না। এটা তাঁর জন্য ঈশ্বরের আজ্ঞা ছিল। তাকে একটি স্রোতের ধারে রাখা হয়েছিল। কাকেরা তাকে খাওয়াচ্ছিল। কিন্তু এটা ঈশ্বরের

আদেশ ছিল কোন কিছু করার জন্য। আর ঈশ্বর নিশ্চিতরূপেই এলিয়ের মত একই প্রকৃতির একটি বিশ্বাসীর কাছে গিয়েছিলেন।

33 সে একটি বিধবা মহিলা ছিল আর আমরা সবাই জানি যে তাকে, একজন বিধবা মহিলাকে, কত কিছুর মধ্য দিয়ে যেতে হচ্ছিল, যখন তার স্বামী মারা গিয়েছিল এবং একটি ছোট ছেলেকে বড় করে তোলার দায়িত্ব ছিল।

34 আর সেখানকার দেশগুলিতে, তারা তাদের শস্যের উপর নির্ভরশীল ছিল। তাদের কাছে আমাদের আজকের মত কোন প্রকল্প ছিল না, এবং—এবং উদ্ভিদের প্রতিরক্ষা এইসব। তারা তাদের ফসলের উপর নির্ভর করতো। আর মানুষদের অপরাধ এবং তাদের নৈতিক অবক্ষয়ের কারণে, দেশটিতে খরা এসেছিল, এখানে তারা সবাই ক্ষুধার্ত ছিল ও মৃত্যুবরণ করছিল।

35 আর তারপর আমরা খুঁজে পাই যে কোন সন্দেহ নেই সে রাতের পর রাত প্রার্থনা করতো, সারা রাত ধরে, যখন সে দেখতে শুরু করল যে তাঁর ঐ খাবারের পিপা নিচে, নিচে, নিচে নেমে পড়তে শুরু করেছে। আর এটি একটি এমন স্থানে এসে গিয়েছিল যে সেখানে আর এক কাপপূর্ণ খাদ্য খাওয়ার মত পিপাটি বাকি ছিল। তাঁর কাছে শুধু একটু মুষ্টিমেয় বাকি ছিল। তার ঘরের দ্বারের ঠিক ভেতরে মৃত্যু ধেয়ে আসছিল, তাঁর দরজায়। সেখানে আর কোনও উপায় ছিল না। সমগ্র রাষ্ট্র ক্ষুধার্ত ছিল।

36 আর, সেই তেল, একটি ছোট পাত্রের মধ্যে কেবল ভাল এক চামচের মত বাকি ছিল। তার এবং মৃত্যুর মধ্যে কেবল এতটাই তেল এবং এতটাই খাবার পড়ে ছিল। সে তার প্রার্থনার ব্যাপারে প্রকৃতরূপেই আন্তরিক ছিল। আপনি সেটিকে আপনার ঘরে আঘাত করতে দিন, এটি এই সকালের চেয়েও আরও বেশী আন্তরিক করে তুলবে, যখন আমরা জানি যে মৃত্যু দরজার কাছে দাঁড়িয়ে আছে।

37 আমি বিশ্বাস করি, হতে পারে, আমরা মনে করি, সম্ভবত, এই, যে সে সারা রাত প্রার্থনা করেছিল, কারন আরও একটি দিন গত হয়ে গিয়েছিল। সে তাঁর প্রায় তিন চার বছর বয়সী ছোট ছেলের বিবর্ণ ঠোঁটের দিকে তাকায়। আর সে তার নিজের বেরিয়ে আসা হাড়গুলোকে দেখছিল, যেহেতু মাংস তাদের শরীর থেকে হ্রাস পাচ্ছিল। আর এটি নিশ্চয়ই একটি ভয়ানক দৃশ্য ছিল, যে এই মা হিসাবে, তাকে এই সবকিছু হতে দেখতে হচ্ছিল। আর, তবুও, ঈশ্বরের সামনে তার হাত রেখে, দিনে এবং রাতে প্রার্থনা করছিলো, "এখন আমরা এক মুঠো ময়দা এবং এক চামচ তেল পর্যন্ত পৌঁছে গিয়েছি।"

38 আপনারা জানেন, এটি একটি অদ্ভুত জিনিস। ঈশ্বর আপনাদের প্রত্যেকের ভেতরে এই বিষয়টি সিক্ত করে দিন, যদি আপনারা আমাকে আবার কখনও প্রচার করতে না শোনেন। এইটিই একটি বার্তা হতে দিন। এটা অদ্ভুত, সবচেয়ে অদ্ভুত, যে কখনও কখনও ঈশ্বর ঐভাবে কাজ করে থাকেন।

39 আপনারা জানেন, আমরা যখন আমাদের পাপ স্বীকার করে নিই এবং ঈশ্বরের প্রয়োজন অনুযায়ী সমস্ত প্রয়োজনকে পূরণ করে ফেলি...আমরা ঈশ্বরকে বিশ্বাস করেছি। সেখানে একটি পরিস্থিতির সম্মুখীন হতে হয়, এবং এটি তাঁর ইচ্ছা অনুযায়ী হয়। আর আমরা আমাদের পাপ স্বীকার করেছি, এবং আমরা যে সমস্ত অন্যায় করেছি তা, ঠিক করে নিয়েছি, সবকিছুই করেছি যা করা যেতে পারে বলে আমরা জানি। ঈশ্বর যেসব আবশ্যিক শর্ত রেখেছিলেন, বা চেয়েছিলেন, আমরা সেই সব শর্তকে পূরণ করেছি, আর এখনো তিনি নীরব আছেন। তিনি শুধু আমাদের উত্তর দিচ্ছেন না।

40 আমি নিশ্চিত যে আমি সেই লোকদের সাথে কথা বলছি, এই সকালে, যারা সেইরকম স্থিতির মধ্য দিয়ে গিয়েছেন। আমি নিজেও, অনেকবার, এই ধরনের পরিস্থিতির মধ্য দিয়ে গিয়েছি। যখন আমি পেছনে ফিরে গিয়েছি এবং আমার জীবনে সন্ধান করেছি এবং প্রতিটি পাথরকে সরিয়ে দেখেছি, এবং আমি খুঁজে

পেয়েছি যে আমি কিছু ভুল করেছি, আমি গিয়ে সেগুলো স্বীকার করবো এবং বলবো, "প্রভু ঈশ্বর, আমি এটিকে ঠিক করব," আর গিয়ে তাই করুন। তারপর আবার ফিরে যান এবং বলুন, "হে প্রভু, আপনিই ঈশ্বর! আপনি আমাকে উত্তর দেবেন। নিশ্চিতভাবে আমি আপনার প্রত্যেকটি শর্তকে পূরণ করেছি যা আপনি আমার কাছ থেকে চেয়েছেন। আর প্রত্যেকটি প্রয়োজনকে, আমি পূরণ করেছি।" আর তবুও তিনি কিছু করছেন না, মনে হয় যেন তিনি নিরব হয়ে গিয়েছেন, ঠিক তখনই আপনাকে নিশ্চিত হতে হবে যে তিনি ঈশ্বর। নিরুৎসাহিত হবেন না। শুধুমাত্র জিনিস, যে, আপনার অন্তরে, ঈশ্বরের ব্যাপারে নিশ্চিত হতে হবে।

41 আমার বিষয় হল। আপনি কিছু করবার আগে, প্রথমে, নিশ্চিত হন। আপনার অন্তরে, নিশ্চিত হোন যে এটা ঈশ্বর। আর যখন আপনি সবকিছু করেছেন যা তিনি বলেছেন, তারপর আপনি নিশ্চিত যে তিনি ঈশ্বর, ঠিক তখনই বিশ্বাস কার্যকর হয়ে যায়, ঠিক সেখানেই। বিশ্বাস অবিচলিত হয়ে দাঁড়িয়ে থাকে, কারণ সে জানে যে তিনি আছেন।

42 আর আপনি প্রতিটি প্রয়োজনকে পূরণ করে ফেলেছেন। আপনি বিশ্বাস করেন যে তিনি আছেন, এবং বিশ্বাস অবিচলিত হয়ে ধরে থাকে। ওহ, তার নাম ধন্য হোক! বিশ্বাসকে সরানো যাবে না, কারণ এটা নিশ্চিত যে ঈশ্বর আছেন, এবং যারা পুরোপুরিভাবে তাঁর অন্বেষণ করে তাদের একজন পুরস্কারদাতা।

43 হে ব্রানহাম টেবারনেকাল, এমন হোক যেন এটি আপনাদের হৃদয়ের একদম গভীর চলে যায় আর আপনাদের থেকে কখনও না সরে যায়। যদি আপনি ঈশ্বরের আজ্ঞানুসারে সব কিছু পূরণ করে ফেলেছেন, এবং আপনার অন্তরে আপনি বিশ্বাস করেন যে তিনি আছেন, ঈশ্বর শুধুমাত্র আপনার বিশ্বাসের পরীক্ষা করেন, কারণ তিনি তা করতে ভালবাসেন। আপনি আপনার পাপ স্বীকার করেছেন এবং আপনি ঈশ্বরের প্রয়োজনকে পূরণ করেছেন, এবং এখনও তিনি নীরব থাকেন, মনে রাখবেন, বিশ্বাস বলে যে তিনি আছেন। তারপর বিশ্বাস এটাকে ধরে রাখে, এটি সম্পর্কে কিছু না জেনেই যে তিনি নিরব কেন আছেন, কিন্তু সে এটা জানে যে তিনি আছেন, এবং সে নিশ্চিত যে তিনি আছেন।

44 তারপর, মনে রাখবেন, যদি তিনি আছেন, তাঁর বাক্য সত্য হতে হবে। আর যদি এটা প্রয়োজন ছিল যে এই পরিস্থিতিগুলোর সাথে আপনাকে সম্মুখিন হতেই হত, আর আপনি তা করেছেন, তবে তিনি তাঁর বাক্যকে পুরন করতে বাধ্য। ফিরে যাবেন না, আর বলবেন না, "আচ্ছা, আমি সুস্থ হই নি। আমি..." ওহ, সেই কমজোর, দুর্বল বিশ্বাস। দুর্বল বিশ্বাসের কথা বিশ্বাস করবেন না। যদি সবকিছু স্বীকার করা হয়ে যায়, এবং সবকিছু যদি হয়ে যায়, এবং আপনি ঈশ্বরের সমস্ত প্রয়োজনকে পূরণ করে ফেলেছেন, বিশ্বাস ঠিক সেখানে ধরে থাকবে। কিছুই এটাকে নড়াতে পারবে না। তিনি আছেন, এবং আপনি এই বিষয়ে নিশ্চিত। "কিন্তু যাহারা সদাপ্রভুর অপেক্ষা করে, তাহারা উত্তরোত্তর নূতন শক্তি পাইবে; তাহারা ঈগল পক্ষীর ন্যায় পক্ষসহকারে ঊর্ধে উঠিবে; তাহারা দৌড়িলে শ্রান্ত হইবে না; তাহারা গমন করিলে ক্লান্ত হইবে না।"

45 আপনি তার প্রয়োজন পূরণ করে ফেলেছেন, তখন অপেক্ষা করুন। সেটা আপনার বিশ্বাসকে পরীক্ষার সামনে এনে দেয়। যদি আপনি পূরণ করেছেন... ঈশ্বরের প্রয়োজনগুলি তৈরি করা হয়ে গিয়েছে, অথবা পূরণ করা হয়েছে, এবং আপনি এটি সম্পূর্ণরূপে বিবেচনা করেছেন, এবং আপনি ঈশ্বরের যা প্রয়োজন ছিল তাঁর সবকিছু করেছেন, তারপর আপনার বিশ্বাস সেখানে ঠিক দাঁড়িয়ে থাকে, যে তিনি আছেন। ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হন।

46 আপনারা জানেন, তিনি আমাদের পরীক্ষা করতে ভালবাসেন। তিনি আপনার বিশ্বাসের প্রতিক্রিয়া দেখতে ভালবাসেন। আপনি কি সেটা জানেন? আপনি কেমন প্রতিক্রিয়া দেখাবেন তা ঈশ্বর দেখতে পছন্দ করেন। যখন আপনি বলবেন, "হে প্রভু, আমি আপনাকে বিশ্বাস করি। আপনি আমার পরিত্রাতা। আমি

বিশ্বাস করি আপনি আরগ্যদাতা। আমি বিশ্বাস করি যে আপনি সেই ব্যক্তি যিনি পবিত্র আত্মা দিয়ে থাকেন। এবং যে বিষয়গুলি আমার প্রয়োজন, আপনিই সেই ঈশ্বর যিনি আমাকে প্রদান করেন।" আর তারপর যখন আপনি সমস্ত পাপ স্বীকার করেন এবং ঈশ্বরকে প্রতিজ্ঞা করেন যে আপনি কি করবেন, তিনি যদি আপনাকে ভাল করে দেন, আর তারপর যেহেতু সেটা ঘটছে না, তাই আপনি ভিতুর মত কোথাওপালিয়ে যান। তাহলে ঈশ্বর সেটা ব্যবহার করতে পারবেন না। আপনাকে ব্যবহার করার জন্য তাঁর কাছে আর কোন উপায় নেই। আপনাকে উত্তর দিতে তাঁর কাছে কোন উপায় নেই, কারণ তিনি শুধুমাত্র বিশ্বাস দ্বারাই উত্তর দেন। তারপর, হঠাৎ করেই, আপনি চলে যান, আর তিনি উত্তর দিতে পারেন না। কিন্তু বাস্তব, সত্য বিশ্বাস সেখানে দাঁড়িয়ে থাকে, সে নিশ্চিত যে ঈশ্বর আছেন। নিশ্চিত হন যে তিনি আছেন।

47 আর যদি ঈশ্বর এই জিনিসটি করতে বলেন, আপনার পাপ স্বীকার করা, এবং এরকম কিছু, এবং আপনি এটি করেছেন, বিশ্বাস বলে যে তিনি আছেন, এটা নিশ্চিত যে এটি ঘটতে যাচ্ছে। আপনার অনুরোধ গ্রাহ্য হতেই হবে। ওহ, আমি—আমি আশা করি আপনারা এটা হাতছাড়া করবেন না। আপনি ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হলে, ঈশ্বর তাঁর বাক্যের বিষয়ে নিশ্চিত থাকেন। তিনি কেবল পরীক্ষা করার জন্য অপেক্ষা করছেন।

তিনি এটা অনেক বার করেছেন। চলুন এক বা দুটি ঘটনা পুনরাবৃত্তি করি।

48 আসুন ইব্রীয় সন্তানদের বিষয় দিয়ে ভাবা যাক। তারা একটি মূর্ত্তির সামনে মাথা নত করবে না। ঈশ্বরের তাদের ওপর আস্থা ছিল। আর যখন তারা শুনলো যে তাদের অগ্নিময় চুল্লীতে যেতে হবে, তারা বললো, "আমাদের ঈশ্বর এই চুল্লি থেকে আমাদের উদ্ধার করতে সক্ষম আছেন। কিন্তু যদি তিনি তা না করেন, তবুও আমরা আপনার কোন মূর্ত্তির কাছে প্রণিপাত করব না।" দেখুন, তারা ঈশ্বরের বিষয়ে স্থির এবং নিশ্চিত ছিল।

49 তারা জানত যে, তিনিই সদাপ্রভু। তারা জানত যে তিনি প্রার্থনার উত্তর দেন। কিন্তু তিনি তাদের ক্ষেত্রে এটা করুন, অথবা না করুন, এটি তাদের ভালোর জন্যই হতে হবে। তাই তারা শুধু তাদের বিবৃতি তৈরি করে নেয়, তাদের পাপ স্বীকার করে নেয়, এবং মৃত্যুর মধ্যে হেঁটে যায়।

50 যখন তারা জ্বলন্ত চুল্লীর কাছে যাচ্ছিল, তারা জানত যে, তারা নিশ্চিত ছিল, যে, যদি ঈশ্বর তাদের জ্বলন্ত আগুনে পুড়ে যেতে দেন, তবে তিনি তাদের আবার পুনরুত্থিত করে দেবেন, পুনরুত্থানের সময়ে। তারা ঈশ্বরের বিষয়ে নিশ্চিত ছিল, কারণ তারা জানত যে ঈশ্বর সবকিছুকে তাদের ভালোর জন্য উৎপন্ন করাবে। আর যখন আমরা ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হই, আমরা জেনে যাই যে ঈশ্বর সবকিছু আমাদের ভালর জন্য করে থাকেন।

51 সুতরাং, তারা একটি বিবৃতি তৈরি করেছিলো। তারা নিশ্চিত ছিল, এবং তারা ঠিক অগ্নিময় চুল্লীর মধ্যে হেঁটে গেল। আর ঈশ্বর তাদের সেখানে হেঁটে যেতে দিলেন; বসে থেকে, তাদের দিকে তাকিয়ে ছিলেন। তিনি তাদের প্রতিক্রিয়া দেখতে চেয়েছিলেন।

52 যখন, রাজা বললেন, "তুমি কি প্রনিপাত করেছিলে যখন তূরী বাজানো হয়েছিল ?"

তারা বলল, "না। আমরা প্রনিপাত করিনি।" সেখানেই আপনাদের বিশ্বাস, শক্ত করে ধরে থাকে।

"আচ্ছা, তোমরা যদি প্রনিপাত না কর, তবে তোমরা কি আমার হুকুম সম্পর্কে জানো ?"

"হ্যাঁ, আমরা আপনার হুকুম জানি।"

"আমার হুকুম হল যে চুল্লীটি আগের তুলনায় সাত গুণ বেশি গরম হবে, এবং আমি তোমাদের সেখানে ফেলে দিব। তোমরা কি এখন প্রনিপাত করতে চাও ?"

"না আমরা প্রনিপাত করবো না।" সেখানেই তাদের বিশ্বাস ছিল।

53 ঈশ্বর বলেন, "ভাল, আমি দেখব এই ব্যাপারে তারা কী করে। আমি দেখব তাদের বিশ্বাসের প্রতিক্রিয়া কি।"

54 তারপর তিনি বললেন, "তাদের হাত বাঁধো, আর পাও বেঁধে দাও এবং তাদের চুল্লিতে ঢোকাও।" তারা চুল্লীর দিকে হেঁটে গেল, তাদের মুখমন্ডলে অগ্নির সাথে। ঈশ্বর এখনও দাঁড়িয়ে, তাদের দিকে তাকিয়ে আছেন। কিন্তু তারা নিশ্চিত ছিল যে তিনি ঈশ্বর ছিলেন। তারা তাদের স্বীকারোক্তি করে ফেলেছিল। তারা সবকিছু ঠিক করে নিয়েছিল, যতোটা তাদের জানা ছিল। তারা নিশ্চিত ছিল যে তিনি ছিলেন ঈশ্বর।

55 তাই তারা সেই জ্বলন্ত চুল্লীর দিকে এগিয়ে গেল। ঠিক শেষ মুহূর্তে, তিনি স্বর্গ থেকে নেমে এলেন, বাতাসের একটি রথের উপর, তাদের দিকে ঠান্ডা হাওয়া পাঠালেন, যখন তিনি তাদের সান্ত্বনা দিলেন এবং তাদের সাথে কথা বললেন।

56 ঈশ্বর আপনার বিশ্বাসকে সেই স্থানে নিয়ে আসবেন যেখানে এটি প্রতিক্রিয়া দেখাবে।

57 ইয়োব ছিল, পুরাতন নিয়মে, যখন শয়তান, আমাদের অভিযোগকারী, তাকে একটি গুপ্ত পাপী বলে অভিযুক্ত করেছিল। কিন্তু ইয়োব জানতেন যে তিনি পাপ করেননি। তিনি জানতেন যে তিনি যা কিছু করেছেন তা তিনি স্বীকার করেছেন, এবং সেখানে একটি হোমবলি উৎসর্গ করেছেন। এটা ঈশ্বরের প্রয়োজন ছিল। এটিই ঈশ্বরের প্রয়োজন ছিল, সেই হোমবলি উৎসর্গ এবং স্বীকারোক্তি। এবং ইয়োব এই সব কাজ করেছেন।

58 আর শয়তান বলল, "আমি তাঁর উটগুলোকে নিয়ে নিব, কারন সে একজন ধনি ব্যক্তি। আমি তাঁর মেষ নিয়ে নিব।" আর অবশেষে সে তাঁর সন্তানদের নিয়ে নিল, যারা তাঁর হৃদয়ের সবচেয়ে কাছের ছিল।

59 তবুও, ইয়োব দাঁড়িয়ে রইলেন, কারণ তিনি সেই ঈশ্বরকে জানতেন, আচ্ছা, তিনি নিশ্চিত ছিলেন যে তিনি ছিলেন ঈশ্বর, কারণ তিনি তাঁর সাথে কথা বলেছিলেন, এবং তিনি তাঁর প্রয়োজনীয়তা পূরণ করেছিলেন। তিনি অনুসন্ধান করে খুঁজে বের করলেন, "আমি প্রত্যেক হোমবলি উৎসর্গ করেছি। আমি আমার হৃদয়ে বলেছিলাম, 'সম্ভবত আমার ছেলেরা যখন একটি—একটি ভোজ দিয়েছিল, এবং আমার মেয়েরা উপস্থিত হয়েছিল, সম্ভবত হয়তো তারা গোপনে তাদের হৃদয়ে পাপ করেছিল, তাই আমি তাদের তরফ থেকে হোমবলি দেব এবং তাদের ভুল স্বীকার করবো।'"

60 হে ঈশ্বর ! যখন একজন মানুষ ঈশ্বর যা বলেছেন তা পালন করে, সে নিশ্চিত থাকে যে তিনিই ঈশ্বর, তবে তাকে উত্তর দিতেই হবে। বিশ্বাস তাকে দৃশ্যে নিয়ে আসে, প্রত্যেক সময়।

61 যখন আপনি সেই সব কিছু করে ফেলেছেন যা আপনি জানেন যে সেগুলো সঠিক, যখন আপনি তাঁর আজ্ঞাগুলো পূরণ করেছেন, যখন আপনি স্বীকার করেছেন এবং সব ঠিক করে নিয়েছেন এবং ক্ষতিপুরন করে ফেলেছেন, আর ঈশ্বরের সামনে রেখেছেন। আমি পরোয়া করি না তিনি কতখানি নীরব থাকেন, তিনি এখনও ঈশ্বর, সেখানে বিশ্বাস স্থাপন করার অপেক্ষায় আছেন। আপনি আপনার কাজ করেছেন, এখন তিনি আপনার কাজের দ্বারা আপনার বিশ্বাস দেখতে চান। তিনি দেখতে চান আপনি কি করবেন।

62 যদি আপনি অভিষিক্ত হয়ে থাকেন এবং আপনার জন্য প্রার্থনা করা হয়ে থাকে, আপনি এই বিষয়ে কি বিশ্বাস করবেন ঈশ্বর তা দেখবার অপেক্ষা করছেন।

এমন তো নয় যে পরের রবিবার আপনি আবার কোথাও পালিয়ে চলে যাবেন, এবং পরের দিন আবার আপনি পালিয়ে চলে যাবেন, এবং পরবর্তী আরগ্যকারী প্রচারকের কাছে যে শহরে আসে। তিনি আপনার বিশ্বাসের প্রতিক্রিয়া দেখবার অপেক্ষা করছেন। এমন তো নয় যে, পরের দিন ফিরে চলে যান, এবং বলেন, "আমি খুব খারাপ বোধ করছি, আমার মনে হয় না যে আমি সুস্থ হয়েছি।" এমন হলে প্রথম স্থানেই, আপনি প্রার্থনা লাইনের জন্য উপযুক্ত নন। আপনি নন। আপনি উপযুক্ত নন। আপনি, এখনো প্রস্তুত না। আপনি বিশ্বাস করেন না যে তিনি ঈশ্বর। আমি না...

63 আপনি বলতে পারেন, "ভাই ব্রানহাম, আমি আপনার সাথে একমত নই।" আপনার নিজের কর্ম প্রমাণ করে আপনি কি। "তাদের ফল দ্বারা তোমরা তাহাদিগকে জানিতে পার।" যদি একজন ব্যক্তি বলে যে তিনি একজন খ্রিস্টান, এবং সে এখনও সুরাপান করে, এবং ধূমপান করে, এবং জুয়া খেলে, এবং অশ্লীল কথা বলে, এবং বলে, "বাইবেলের কিছু অংশ সঠিক, এবং বাকি অংশ সঠিক নয়," সে সুসমাচার প্রচার করতে পারে, আর যদি বাইবেলের কিছু অংশকে অস্বীকার করে, সে এখনও একটি পাপী আছে। সে এখনও, সঠিক নয়।

64 কিন্তু যখন আপনি প্রকাশ্যে স্বীকার করেন যে ঈশ্বর আজও সেই একই ঈশ্বর আছেন, এবং আপনার জীবন তার হাতে প্রয়োগ হবার জন্য, সমর্পিত থাকে, "প্রভু, আমি মাটি; আপনি কুমোর," তারপর আপনার যা ইচ্ছা তা চান। বিশ্বাস কখনও সরবে না। এটা ঠিক সেখানে দাঁড়িয়ে থাকবে।

65 যদিও পরিস্থিতিগুলো মনে হবে যেন কখনও এদিক ও কখনও ওদিক হয়ে যাচ্ছে, কিন্তু সেই বিশ্বাস কখনোই সরবে না, কারণ আপনি নিশ্চিত আছেন যে তিনিই ঈশ্বর। আর যদি তিনি ঈশ্বর হন, তিনি তাঁর প্রতিশ্রুতি রাখেন। তিনি একটি প্রতিশ্রুতি করবার পর এবং সেটিকে ভেঙ্গে দিতে পারেন না। যদি তিনি ঈশ্বর হন, তবে তাকে তার প্রতিশ্রুতি পালন করতে হবে। ওহ, আমি এটাকে ভালোবাসি। তাকে তার প্রতিশ্রুতির সাথে থাকতে হবে।

66 ইয়োব তাঁর নৈবেদ্য উৎসর্গ করেছিলেন; তিনি সবকিছু সম্পন্ন করেছিলেন। তিনি জানতেন যে তিনি সঠিক ছিলেন। এবং ধরে নিন এখানে গির্জার সদস্যরা আসে, অন্যান্য ধর্মীয় গোষ্ঠীর লোকেরা আসে, তারা বলে, "ইয়োব, আপনি স্বীকার করে নিন যে আপনি একটি পাপী, কারণ যদি আপনি পাপী না হতেন তাহলে ঈশ্বর আপনাকে এই ধরনের শাস্তি দিতেন না।"

67 কিন্তু ইয়োব বললেন, "আমি আমার স্বীকারোক্তি করে ফেলেছি। আমি ঈশ্বরের সামনে হোমবলি উৎসর্গ করেছি এবং আমি পাপী নই।" তিনি জানতেন কোথায় তিনি দাঁড়িয়ে আছেন। তারপর তাঁর স্থিতি আরও খারাপ হতে থাকলো, আর হতেই থাকলো আর হতেই থাকলো, যতটা কঠিন এটা হতে পারত, শয়তানের চেষ্টা ছিল যেন ইয়োবকে নীচে নামিয়ে দেওয়া যায়, এবং ইয়োবকে এমন স্থানে নিয়ে আসা যায় যেখানে তিনি ঈশ্বরকে অস্বীকার করবেন এবং সেই হোমবলির প্রভাবকে অস্বীকার করবেন। যে মুহূর্তে আপনি আপনার যে স্বীকারোক্তি তাঁর বিষয়ে ভাবনা শুরু করে দেন, তখনই আপনার দুর্বলতা প্রকাশ পায়, ঈশ্বরের প্রতি আপনার সন্দেহকে প্রদর্শন করে। আপনি ঈশ্বরের কাছে কিছু চান, এবং এটির ওপর সন্দেহ করে চারিদিকে চলতে থাকেন, তাহলে আপনি একটি সন্দেহভাজন ব্যক্তি এবং একজন বিশ্বাসী নন।

68 ইয়োব জানতেন যে তিনি কোথায় দাঁড়িয়েছিলেন, এবং তিনি সেই ভিত্তির ওপর দৃঢ়ভাবে দাঁড়িয়েছিলেন।

69 এতে আশ্চর্যের কিছু নেই যে, পেরনেট তার মৃত্যুর সময় বলেছেন:

> খ্রীষ্টরূপী, সেই কঠিন পাথরের ওপর, আমি দাঁড়িয়ে;
> অন্যান্য সকল স্থল হল ডুবন্ত চোরাবালি।

70 ইয়োবের স্বীকারোক্তির সেই কঠিন পাথরের উপর, এমনকি তার প্রিয় স্ত্রীও তাকে ছেড়ে দিয়েছিল। যখন তার স্বাস্থ্য খুবই খারাপ হয়ে গেল, এবং তার সমস্ত শরীরে স্ফোটক বেরিয়েছিল, এবং তিনি নিজের শরীরকে ঘসতে লাগলেন এবং নিজের জন্মদিনকে শাপ দিতে লাগলেন। বললেন, "যেন সূর্য এমনকি না ওঠে! যেন চন্দ্র রাতে না আসে।"

তার স্ত্রী বললেন, "ইয়োব, তোমার অবস্থা এত করুন হয়ে গিয়েছে। তুমি কেন ঈশ্বরকে জলাঞ্জলি দিচ্ছ না এবং মরছ না ?"

71 তিনি বললেন, "তুমি নির্বুদ্ধি নারীদের মত কথা বলো।" তিনি নিশ্চিত ছিলেন যে একজন ঈশ্বর আছেন, এবং তিনি তাঁর শর্তকে পূরণ করেছিলেন। ওহ, আমি ধর্মীয়ভাব অনুভব করছি। তিনি জানতেন যে তিনি ঈশ্বরের শর্তকে পূরণ করেছিলেন এবং কথা এখানেই শেষ হয়ে যায়। ঈশ্বর তাঁর বিশ্বাসের পরীক্ষা নিচ্ছিলেন। তিনি আপনাদের বিশ্বাসেরও পরীক্ষা নিবেন। তিনি আমার বিশ্বাসেরও পরীক্ষা নিবেন।

72 কিন্তু যখন আমরা তাঁর শর্তকে পূরণ করেছি, "মন ফিরাও, এবং তোমরা প্রত্যেকজন তোমাদের পাপমোচনের নিমিত্ত যীশু খ্রিষ্টের নামে বাপ্তাইজিত হও, তাহা হইলে পবিত্র আত্মারূপ দান প্রাপ্ত হইবে," এটাই তাঁর প্রতিশ্রুতি। "আপনার মধ্যে কেউ অসুস্থ থাকলে, মন্ডলীর প্রাচীনদের ডাকবেন। তারা তাদের তেল দিয়ে অভিষেক করবেন, এবং প্রার্থনা করবেন। বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের রক্ষা করবে, আর ঈশ্বর তাদেরকে পুনরুজ্জীবিত করবেন।" ওটাই স্থির করে দেয়। "আপনাদের দোষ স্বীকার করুন, একে অপরের কাছে, এবং পরস্পরের জন্য প্রার্থনা করুন।" আপনি ঈশ্বরের শর্ত পূরণ করেছেন।

73 "আর যাহারা বিশ্বাস করে, এই চিহ্নগুলি তাহাদের অনুবর্তী হইবে। তাহারা আমার নামে ভুত ছাড়াইবে; তাহারা নূতন নূতন ভাষায় কথা কহিবে; তাহারা সর্প তুলিবে এবং প্রাণনাশক কিছু পান করিলেও, তাহাতে কোন মতে তাহাদের হানি হইবে না; তাহারা পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে, আর তাহারা সুস্থ হইবে।" ওটাই স্থির করে দেয়।

74 ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হন। নিশ্চিত হোন যে, আপনার হৃদয়ে, আপনি বিশ্বাস করেন যে সেটা হল ঈশ্বরের বাক্য। ইয়োব বিশ্বাস করতেন।

তার স্ত্রী বলেছিল, "তুমি কেন তাকে জলাঞ্জলি দিচ্ছ না এবং মরে যাচ্ছ না ? কেন, সব সময় তোমার অবস্থা খারাপ থেকে আরও খারাপ হয়ে উঠছে।"

75 কিভাবে শয়তান আপনার দিকে এরকম চিন্তা নিক্ষেপ করতে পছন্দ করে। "কেন, যখন আপনাকে অভিষিক্ত করা হয়েছিল তখন আপনি যেমন ছিলেন তাঁর চেয়ে এখনও আপনার অবস্থা কেন ভালো হয়ে ওঠে নি। আপনি আগের থেকে একটুও ভাল হয়ে ওঠেন নি যখন সেই প্রচারকরা আপনার জন্য প্রার্থনা করেছিলেন। প্রথম থেকেই, সেই প্রচারকরা সঠিক ছিল না।" এটা প্রচারকদের কোন ব্যাপারই না। এটা তো জীবন্ত ঈশ্বরের ওপর আপনার বিশ্বাসের ব্যাপার, যা ধরে রাখে। প্রচারক কি সেটা নয়; এটা তো ঈশ্বর কি সেটা জরুরী ? প্রচারক কখনই সেই প্রতিশ্রুতি করেনি; ঈশ্বর প্রতিশ্রুতি করেছেন। এটা প্রচারকের ওপর নির্ভর করে না; এটা নির্ভর করে ঈশ্বরের উপর, এবং আপনার এই বিশ্বাসের ওপর যে আপনি বিশ্বাস করেন ঈশ্বর আছেন। সুতরাং ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হন। নিশ্চিত থাকুন যে এটি ঈশ্বর, আর এটিই ঈশ্বরের বাক্য। আর ঈশ্বর তাঁর বাক্যে থাকেন।

76 আর ইয়োব বললেন, "তুমি নির্বুদ্ধি স্ত্রীলোকের মত কথা বল।" তিনি বললেন, "প্রভু দিয়েছিলেন, আর প্রভুই নিয়ে নিয়েছেন; প্রভুর নাম ধন্য হোক।" তিনি নিশ্চিত ছিলেন যে ঈশ্বর আছেন।

77 আর যখন তার মুখ থেকে সেটা বেরিয়ে এল, তখন মেঘধ্বনি গর্জন করতে শুরু করে দিল এবং বিদ্যুতের ঝলক চমক দিতে শুরু করল। ঈশ্বর দৃশ্যের উপর

চলতে লাগলেন। এটা সবসময় তাকে দৃশ্যে নিয়ে আসে। তিনি দীর্ঘসময় ধরে নীরবতা রাখেন।

78 এটাই তিনি করছেন। এই নরক-আবদ্ধ আমেরিকীয়দের, গির্জা-যাত্রাকারী এই কপট লোকদেরকে দেখুন। আমি ক্রুদ্ধ নই। কিন্তু পাপ যে কোন ব্যক্তিকে ক্রুদ্ধ করে দেয় যে ঈশ্বরের সাথে সঠিকভাবে চলে। আমি রাষ্ট্রের সাথে ক্রুদ্ধ নই, মানুষের সাথে ক্রুদ্ধ নই, কিন্তু আমি শয়তানের ওপর ক্রুদ্ধ আছি যে এই বিষয়গুলোর প্রতি লোকদেরকে অন্ধ করে রেখেছে।

79 এই অন্ধ পালক এবং প্রচারকগন তাদেরকে এক ধরনের মনুষ্য-নির্মিত ধর্মতত্ত্ব দিয়ে থাকে। আপনাকে নতুন জন্ম পেতে হবে। আর ঈশ্বর তাঁর বাক্যকে পুরন করেন। তিনি তাদেরকে দেখছেন যে তারা তাদেরকে স্তিমিত করে দিচ্ছে। ভাল হবে যে নিশ্চিত হয়ে যান যে ঈশ্বর আছেন। "ধার্মিকতার বেশধারী, এবং তার শক্তির অস্বীকারকারী।"

80 এই দরিদ্র, ক্ষুদ্র মহিলাটি, তিনি জানতেন যে তিনি ঈশ্বর ছিলেন। যে ভাবে তাঁর পিপা ধিরে ধিরে খালি হয়ে কম, কম, কম হয়ে যাচ্ছিল, পরিস্থিতি খারাপ এবং আরো খারাপ হয়ে যাচ্ছিল, সব সময়। কিন্তু ঈশ্বর এটিকে এভাবেই হতে দিচ্ছিলেন। তিনি শুধু এটা করতে ভালবাসেন। তিনি আপনার বিশ্বাসকে একটি পরীক্ষার মধ্যে রাখতে পছন্দ করেন, আপনি তখন কি করেন তা দেখবার জন্য, আপনি অভিষিক্ত হোন এবং আপনার জন্য প্রার্থনা হয়ে যাবার পর, তারপর আপনার পরিস্থিতি আরো খারাপ করে তোলা হয়। বলেন, "শয়তান আয়, আর তাকে পরীক্ষায় ফেল। আমি জানি সে আমাকে বিশ্বাস করে।" ঈশ্বরের মহিমা যুগে যুগে হোক! ওহ, আমার ঈশ্বর! [ভাই ব্রাণহাম তার হাত দিয়ে দুবার তালি বাজালেন—সম্পা।] "এখন তাকে একটি পরীক্ষায় ফেল। আমি জানি সে তার জন্য আমার বাক্য গ্রহণ করেছে।" তিনি কি আপনার সম্পর্কেও এটা বলতে পারেন?

81 তিনি সেটা ইয়োবের বিষয়ে বলেছিলেন। তিনি বলেছিলেন, "তুমি যা করতে চাও তা কর, কিন্তু তুমি তার প্রাণকে ছুবে না, কারণ আমি জানি যে সে আমাকে ভালবাসে। সে হোমবলি উৎসর্গ করেছে। সে শর্ত পুরন করেছে। তাকে আমি যা করতে বলেছিলাম সে তা করেছে, এবং সে এটা বিশ্বাস করে। এখন যদি তুমি চাও তবে তাকে জলন্ত কয়লার মধ্যে ফেলে দাও।" সে তার কাছ থেকে সবকিছু নিয়ে নিল। ঈশ্বর তাকে দ্বিগুণ করে দিলেন যখন তিনি তাকে ফিরিয়ে দিলেন। নিশ্চিত, তিনি তা করবেন।

82 তিনি আমাদের বিশ্বাসকে একটি পরীক্ষায় রাখেন, এটা দেখবার জন্য যে আমরা সত্যিই বিশ্বাস করি কিনা যে তিনি ঈশ্বর।

83 এতে কোন সন্দেহ নেই, যে সেই ছোট স্ত্রী, বারে বারে বলছিল, "আমি প্রার্থনা করি। আমি প্রার্থনা করি। আমি জানি যে আমি একজন অযোগ্য পরজাতীয় মহিলা।"

84 মনে রাখবেন, যীশু তাঁর সম্বন্ধে বাইবেলে বলেছিলেন। তিনি বলেছিলেন, "এলিয়ের সময়ে কি অনেক বিধবা ছিল না? কিন্তু তাকে কেবলমাত্র একজনের কাছেই পাঠানো হয়েছিল, আর তিনি একজন পরজাতীয় ছিলেন।"

85 "ওহ," তিনি বললেন, "আমি প্রার্থনা করি।" সম্ভবত, যখন তিনি শেষ সামান্য রুটির টুকরোটি দেখেছিলেন, তখন মৃত্যু দ্বারের মধ্যে দিয়ে প্রবেশ করে এবং তাঁর দরজায় এসে দাড়িয়ে পড়েছিল। এক টুকরো রুটিতে, কেবল আরো একটি কামড়, এবং তারপর তিনি এবং তার পুত্রকে মরে যেতে হবে। আমি তাকে দেখতে পাচ্ছি, সারা রাত ধরে, প্রার্থনা করেছে, গরম বাতাস বয়ে যাচ্ছে, এবং পৃথিবী শুকিয়ে যাচ্ছে, আর লোকেরা রাস্তায় চিৎকার করে কাঁদছে। তিনি ঘরের ভিতর, হেঁটে বেড়াচ্ছেন। তিনি তার ছোট ছেলের দিকে তাকালেন। তার

ছোট পাজামার দিকে তাকালেন; যেখান থেকে, তার ছোট ছোট পা বাইরে বেরিয়ে ছিল। তার নিজের হাতের দিকে তাকালেন, সেগুলো কুচকে গিয়েছিল। তিনি সামনে এবং পেছনে পায়চারি করছিলেন, কিন্তু তিনি বল্লেন, "আমি জানি যে তিনি ঈশ্বর। আমি আমার সমস্ত স্বীকারোক্তি করে ফেলেছি। আমি তাঁর আজ্ঞানুযায়ী যা যা প্রয়োজন সেই সবকিছু করেছি। আমি এখন আমাদের জীবনের জন্য প্রার্থনা করছি যেন ঈশ্বরের মহিমা হয়।" ঈশ্বর তাকে দেখেছিলেন।

86 তাদের বাকি মহিলারা সব বাইরে যাচ্ছিল এবং কোথাও একটি বড় নাচের অনুষ্ঠানে, একটি আধুনিক টেলিভিশন প্রদর্শনী বা কোন কিছুর জন্য, নিজেদেরকে সাজিয়ে সুন্দর করে তুলছিল, জগতের সঙ্গে তাল মিলিয়ে চলছিল। কিন্তু সেই মহিলা ঈশ্বরের সঙ্গে একাকি ছিল।

87 দিন শুরু হয়ে গেল। তিনি বললেন, "ছোট বাচ্চাটি সারা রাত কেদেছে কিছু খাওয়ার জন্য। আমি এই একটু ময়দা দিয়ে কি করব ?"

88 আপনারা জানেন, সেই খাবারটি ছিল খ্রীষ্টের প্রতীক। যে কোন বাইবেল ছাত্র জানে যে খ্রীষ্ট হল অন্ন-বলি। আর সেই অন্ন-বলিকে বিশেষ কণ্টকময় বস্তুর সাথে এভাবে পিসতে হত, যতক্ষণ পর্যন্ত না শস্যের প্রত্যেকটি দানা একই আকৃতির হয়ে যায়; কারণ যীশু খ্রীষ্ট, কাল, আজ, এবং যুগে যুগে একই আছেন। আর প্রত্যেক বিশ্বাসী এতে বিশ্বাস করে এবং এর উপর নির্ভর করে। হাল্লেলূইয়া ! আপনার কাছে সমস্ত পুরানো, ঠান্ডা আনুষ্ঠানিক ধর্ম থাকতে পারে যা আপনি চাইলে তা মানতে পারেন। আমার জন্য, আমি বিশ্বাস করি যে খ্রীষ্ট একই আছেন, কাল, আজ, এবং যুগানুযুগ পর্যন্ত। আমি নাস্তিকদের মধ্যে আমার বিশ্বাসে দাঁড়িয়ে আছি। আমি এখনও এটাই বিশ্বাস করি যে তিনি গতকাল, আজ, এবং যুগানুযুগ পর্যন্ত একই আছেন।

89 সেই কণ্টকময় বস্তু এর প্রত্যেকটি অন্ন দানাকে একই রকমভাবে কাটে, কারণ তিনি এখনও সেই একই আছেন। তিনি একই ঈশ্বর আছেন যেমন তিনি তখন ছিলেন, তিনি ঠিক এখনও, এই সকালে একই রকম আছেন। তিনি সবসময় একই থাকবেন। সেই খাবারের অর্থ এটাই ছিল।

90 আর তেলের অর্থ হল পবিত্র আত্মা, যেমন আমরা যিহিস্কেল ৪, এবং অন্যান্য পদগুলো থেকে পাই। এই কারণেই আমরা তেল দিয়ে অভিষেক করে থাকি; এর অর্থ হল এটা আত্মা দ্বারা অভিষেক করা হয়। এটা কি ? সাধু যোহন ৪ অনুসারে, "পিতা তাদেরকে খুজছেন যারা আত্মা এবং সত্যে তাঁর আরাধনা করে।" যীশু সেই সত্য ছিলেন। তিনি অন্ন-বলি ছিলেন, আর এই তেলটি ছিল সেই আত্মা। আর সেই আত্মা, যখন সত্যের সঙ্গে মিশ্রিত হয়ে যায়, তখন তা কোন কিছুকে নিয়ে আসে। এটিকে একসঙ্গে রাখুন, এটি একটি পিষ্টক তৈরি করে দেয়। ওহ !

91 আপনার বিশ্বাস কোথায় ? ঈশ্বরের বাক্য যখন তার সরলতার মধ্যে প্রচার করা হয়, যদিও তার শক্তির সাথে, সেই যীশু খ্রীষ্ট গতকাল, আজ, এবং যুগানুযুগ পর্যন্ত সেই একই আছেন, আর বাক্য অন্নকে দর্শায়, আপনার কাছে তেল আছে এটির সাথে মিশ্রিত করবার জন্য। এটা শুধু একমুঠো পরিমান হতে পারে, বা একটি পূর্ণ চামচের পরিমান হতে পারে, কিন্তু, যাই হোক না কেন, এটা সত্য।

92 এখন এটা কিসের জন্য প্রস্তুত ? এটা ক্রুশের জন্য প্রস্তুত। এটি আত্মত্যাগের জন্য প্রস্তুত। এটাই আপনাকে করতে হবে। যদি বাক্য প্রচার করা হয়ে গিয়ে থাকে, এবং আপনি আত্মা পেয়ে গিয়েছেন এবং এটি একসাথে মিশ্রিত করা হয়ে গিয়েছে, তবে এটি হল এক আত্মবলিদান সমস্ত ব্যাথাকে অস্বীকার করার, সমস্ত রোগকে অস্বীকার করার জন্য, ঈশ্বরের বাক্যের বিপরিতে যা কিছু আছে সেগুলোকে অস্বীকার করার, এবং এতে স্থির হয়ে দাঁড়িয়ে থাকার জন্য।

93 ডাক্তার বলে, *এটা, ওটা* বা *অন্য কিছু*; এতে কোন রকম প্রভাব হবে না। আপনি এর উপর স্থির হয়ে দাঁড়িয়ে থাকবেন, কারণ ঈশ্বর এরকমই বলেছেন। যখন বাক্যরূপী অন্ন আসে। আপনার কাছে আত্মারূপী তেল আছে। আপনি দুটিকে একসাথে মিশ্রিত করে দিন।

94 এখন, আমি একটি আওয়াজকে শুনতে পাচ্ছি। এটা দিনের আলো বেরোবার একটু পরে। একটি আওয়াজ কথা বলে ওঠে, এবং বলেন, "বাইরে উঠোনে যাও এবং দুটি কাষ্ঠ কুড়িয়ে আন।" আপনি কি লক্ষ্য করেছিলেন, বাইবেল বলে, "দুটি কাষ্ঠের কথা" ? যার অর্থ হল ক্রুশ। তাঁর কাছে ময়দা এবং তেল আছে, কিন্তু তাকে এখন সেগুলোকে, কাজে লাগাতে বলা হচ্ছে; এটা দিয়ে কাজ করতে বলা হচ্ছে। আপনার কাছে যতটা পরিমান ময়দা অথবা তেল থাকুক না কেন, আপনার প্রয়োজন মতো, কিন্তু আপনাকে তা কাজে লাগাতে হবে; আত্মবলিদান করতে হবে।

95 দুটি কাষ্ঠ। পুরাতন সময়ে তাদের কাছে আগুন জ্বালাবার জন্য এর চেয়ে আর কোন ভাল উপায় পাওয়া যায় নি। যখন আপনি একটি কাষ্ঠ নেন এবং এটিকে আরেকটি কাষ্ঠের ওপর আড়াআড়ি করে রেখে দেন, আর মাঝখানে আগুন লাগিয়ে দেন, আপনি উভয় প্রান্তকে জ্বালিয়ে দেন। ভারতীয়রা তাদের আগুন এভাবে জ্বালাতো। আমি অনেক বার, এভাবে আগুল জ্বালিয়ে, সারা রাত কাটিয়েছি। শুধু একটি কাঠের গুড়ি নিন, এবং এটি *এই* ভাবে, এবং আরেকটি *ঐ* ভাবে আড়াআড়ি করে রাখুন, এবং এটি যেমন পুড়তে থাকে এটিকে আগুনের মধ্যে ঠেলে দিতে থাকুন।

96 সেই কাষ্ঠটি ক্রুশের প্রতীক ছিল। "দুটি কাষ্ঠ," বাইবেল বলেছে। আওয়াজ বলে উঠেছিল, "বাইরে উঠোনে যাও এবং দু'টি কাষ্ঠ কুড়িয়ে নিয়ে এস।" সেই একই সময়ে, পাহাড়ের উপরে, একটা শব্দ এসে ভাববাদীর কাছে গর্জন করে বলল, "নগরে যাও। আমি আদেশ করেছি।" ওহ, আমার! তারা উভয়েরই বাক্যের বাধ্য ছিলেন। কিছু তো ঘটতেই হবে। কারন তারা উভয়ই আজ্ঞা পালন করছে।

97 যদি প্রচারক বাক্য প্রচার করেন, এবং যে ব্যক্তি এটি গ্রহণ করে ও সেটা বিশ্বাস করে এবং এটির উপর কাজ করে, তাহলে কিছু না কিছু তো ঘটতেই হবে। আপনি যদি একজন পাপী হন, তবে আপনার উদ্ধার হয়ে যাবে। আপনি অসুস্থ হলে, আপনি সুস্থ হয়ে উঠবেন, কারণ ঈশ্বর এই প্রতিশ্রুতি দিয়েছিলেন, আমরা যদি ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হই।

98 যখন আমরা নিশ্চিত হয়ে যাই যে তিনি ঈশ্বর আছেন, তখন তাকে তাঁর বাক্যকে অবশ্যই পুরন করতে হয়। নিশ্চয়ই! তারপর সেই আদেশটি ছিল, "নগর যাও, আমি একটি বিধবা মহিলাকে আজ্ঞা করেছি।" ভাববাদীর সামনে একটি দর্শন এল। এখানে তিনি এলেন, পায়ে হেঁটে। তিনি জানেন না যে তিনি কোথায় যাচ্ছেন; এতে কিছু যায় আসে না। তিনি শুধু বাক্য পালন করছেন।

99 মহিলাটি জানত না যে কাষ্ঠগুলো কোথায় রাখা থাকবে, কিন্তু সেখানে উঠনের কোথাও দুটি কাষ্ঠ পড়ে আছে। সে বাইরে যেতে শুরু করল। সে বাড়ির বাইরে উঠোনের মধ্যে গেল। সে চারদিকে তাকালো, "ওহ, কত গরম!" শহর থেকে চিৎকার শোনা যাচ্ছিল, সেখানে রাতের মাতাল লোকেরা আসা যাওয়া করছিল, একসাথে ঠেলাঠেলি করে, মদ খাওয়া, আর ওইসব ব্যাপারে কথা বলছিল। সে রাস্তায় দৃষ্টিপাত করল। সে সেখানে কিছুই দেখতে পেল না। সে এক কাষ্ঠ খুঁজে পেল; ক্রুশের একটি অংশ, আত্মবলিদানের একটি অংশ সে পেয়ে গেল। সে অন্য টুকরাটিও পেল, আরেকটি কাষ্ঠ। আর সে যখন দ্বিতীয় কাষ্ঠটি তুলে নিলো...

100 ওহ, এটা কতটা হতাশাপূর্ণ দৃশ্য ছিল, যখন মৃত্যু দরজায় দাঁড়িয়ে ছিল। তার এবং তার পুত্রকে একটি রুটীর এক সামান্য টুকরা খেতে হবে এবং তারপর মরতে

হবে। কেবল এটাই বাকি ছিল। আর কখনও কখনও, ঠিক বিষণ্নতার মধ্যেও, আমরা সেই আওয়াজকে শুনতে পাই।

101 যখন সে দ্বিতীয় কাষ্ঠটি তুলে নিল এবং ফিরে যেতে শুরু করলো, দরজার ওপার থেকে একটি আওয়াজ এল, বলল, “একটি পাত্রে করে আমার জন্য কিঞ্চিৎ জল আন।”

102 সে পেছনে ঘুরে তাকাল, হাতে ঐ দুটি কাষ্ঠ নিয়ে, সাথে সেই ময়দা এবং তেল মিশ্রিত হয়ে গিয়েছিল এবং প্রস্তুত করা ছিল। সে বলল যে সে এটা প্রস্তুত করেছে, একসাথে মিশ্রিত করে। এটাই সেই বিষয়, বাক্য এবং তেল, দুটিকেই একসাথে মিশ্রিত করতে হয়। আত্মবলিদানের ক্রুশে সেটাকে রাখতে হয়, যেন আপনি যা চেয়েছেন তাঁর বিপরীত যা কিছু আছে সেগুলোকে অস্বীকার করতে হয়। ওটা ঠিক। “আমি এটা মিশিয়ে প্রস্তুত করে রেখেছি, এখন আমি এই কাষ্ঠগুলো আনতে চলেছি।”

আর সেই আওয়াজ বলে উঠলো, “আমার জন্য পাত্রে করে, কিঞ্চিৎ জল আন।”

103 সে তাকায় এবং এক ব্যক্তিকে দাঁড়িয়ে থাকতে দেখতে পায়, যে দ্বারে একটু ঝুঁকে দাঁড়িয়ে আছে, যে ছিল দুর্বল-রোগাটে মত, দাড়িযুক্ত, মাথায় টাকযুক্ত, সে দ্বারের ভেতর থেকে তাকিয়ে আছে, পরনে একটি পুরনো ভেরার চামরা দিয়ে তৈরি এক টুকরো বস্ত্র জড়ান ছিল তাঁর গায়ে। মনে হচ্ছিল উনি ছিলেন কিছুটা দয়ালু প্রকৃতির একজন বৃদ্ধ ব্যক্তি।

104 সে বলল, “আমি তার সাথে আমার জল ভাগ করে নেব।” জীবনের জল, আপনি কাউকে তা দেবার জন্য, কাউকে সেই বিষয় বলবার জন্য, যেকোনো জায়গায় যেতে ইচ্ছুক হয়ে যান। “এক মুহুর্ত অপেক্ষা করুন, মহাশয়।” সে তার হাতে কাষ্ঠগুলো নিয়ে, পেছনের দিকে ফিরে যেতে শুরু করল।

105 আর সেই আওয়াজ আবার গর্জন করে উঠল, “তুমি শুধু আমার সাথে তোমার জলই ভাগ করে নিও না, বরং তোমার হাতে করে আমার জন্য এক টুকরো রুটিও নিয়ে এস।” জীবনের রুটি, জীবনের জল! এটা কি জীবনের রুটি ও জল ছিল ? হ্যাঁ কারন যখনই সেগুলো শেষ হয়ে যাবে তাঁর পরেই সে মরে যাবে। “আমাকে তোমার জল দাও এবং আমাকে তোমার রুটি দাও।”

106 আমরা এখানে কি পাই ? আমরা কি শিক্ষা পেতে পারি ? “প্রথমে ঈশ্বরের রাজ্য এবং তার সমস্ত ধার্মিকতার অনুসন্ধান কর; তাহলে অন্য সব জিনিস দেওয়া যাবে।”

“আমার জন্য একটু জল এবং এক টুকরো রুটি নিয়ে এস।”

107 তারপর সে পেছনে ঘুরল, তার হতাশাযুক্ত মুখ নিয়ে। যেন আমি তার কথা শুনতে পারছি, “মহাশয়,” এরকমই কিছু বলে থাকবে সে, “আমি যেসব মানুষদের দেখেছি, এবং যেসব লোকেদের শুনেছি আপনি তাদের থেকে আলাদা। আপনাকে মনে হয় যেন আপনি যা কিছু বলেন তার ব্যাপারে আপনি খুব ইতিবাচক আছেন। কিন্তু আমার কাছে কেবল এতটুকুই খাবার আছে, শুধু একমুঠো ময়দা, এবং শুধু এক চামচ তেল। আমি এটা তৈরি করেছি, এবং আমি এই দুটি কাষ্ঠ দিয়ে এটিকে রান্না করতে যাচ্ছি। আর আমি ও আমার ছেলে, আমরা এটা খেতে যাচ্ছি, আর তারপর আমরা মরতে চলেছি। আমার কাছে কেবল এটাই আছে।”

108 তারপর, আমরা কি শুনি, এরপর ? “কিন্তু, প্রথমে আমার জন্য এক টুকরো রুটি নিয়ে এস।” ঈশ্বরকে, প্রথমস্থান। কোন ব্যাপার না যে অন্যরা কি বলছে, কোন প্রমান আছে কিনা, কতটা হতাশাজনক এটা মনে হোক না কেন, যা কিছু হোক না কেন, ঈশ্বরকে নিন, সবার প্রথম স্থানে। তার বাক্যকে, প্রথম স্থানে রাখুন।

109 "ডাক্তার বলে যে আমি ভাল হতে পারব না।" কিন্তু, তার বাক্যকে, প্রথম স্থানে রাখুন। "আমি অনেক বেশী পাপী, আমি একজন পতিতা, আমি একজন জুয়ারি, আমি একটি মাতাল।"

ঈশ্বরের বাক্যকে, প্রথম স্থানে রাখুন। "তোমাদের পাপ সকল সিন্দুরবর্ণ হইলেও হিমের ন্যায় শুক্লবর্ণ হইবে, লাক্ষার ন্যায় হইলেও মেষলোমের ন্যায় হইবে।" প্রথমস্থান, ঈশ্বরকে দিন।

110 "যাও, প্রথমে আমার জন্য এক টুকরো রুটি নিয়ে এসো। তোমার কাছে যা কিছু আছে, সেটা আমার কাছে নিয়ে এস।" আপনি কি তার হাতে এটি দিয়ে দিতে ইচ্ছুক ?

111 আমার জীবন, আমি যা কিছু আছি। আমি পঞ্চাশ বছর বয়সী। "তুমি কি চাও, উইলিয়াম ব্র্যানহাম, তোমাকে আমার কাছে দিয়ে দিতে ? তোমরা কি চাও, ছোট বাচ্চারা, তোমাদের জীবন আমাকে দিয়ে দিতে ? আপনি কি ইচ্ছুক ? আপনারা কি এটা করতে পারেন, অসুস্থ লোকেরা ? আপনি কি আমাকে বিশ্বাস করবেন ? আমাকে প্রথম স্থানে রাখ।"

112 "তোমার হাতে করে রুটির একটি টুকরো আন, এবং আমার জন্য একটু জল আন।" সে তাঁর দিকে তাকাল। কিছু তো তাকে বলছিল যে সেই ব্যক্তি জানেন যে তিনি কি বলছেন।

ঈশ্বর তাঁর নিজের ভেড়াকে জানেন। "আমার মেষেরা আমার রব জানে। তারা জানে যে এটা বাইবেল থেকে কি না, এটা সঠিক কিনা তারা তা জানে।"

113 তিনি আনুগত্যের সাথে, ঘুরলেন। এটাই আপনাকে করতে হবে। এবং যখন সে ঘুরে দাড়াল, যেন সে তা করতে পারে যা তাকে ভাববাদী করতে বলছিলেন, তখন আকাশ থেকে বজ্রধ্বনি আসে, যাতে প্রত্যেক মানুষ শুনতে পায়। কারণ, ভাববাদীর কণ্ঠ থেকে এক গর্জন এসে পৌঁছায় যা, প্রত্যেক পাপী ও সমস্ত রোগী শুনতে ইচ্ছা করে, "সদাপ্রভু এই কথা বলেন।"

114 আমরা এটা কতটা শুনতে চাই ! কিভাবে যে লোকেরা আমার গাড়িবারান্দায় বসে থাকে, বলে, "এই দরজা দিয়ে আসুন। আমার মেয়ের *এরকম* হয়েছে, আমার বাচ্চা, আমার, এত কম। আপনি শুধু শব্দ বলুন।" এটা আপনার মুখে আসার আগে আপনি এটা কিভাবে বলতে পারেন ? আপনাকে এটা নিজেকে বলতে থাকতে হবে কিন্তু তারা শুনতে চায় যে, "সদাপ্রভু এই কথা বলেন।"

115 তারপর এটা আসে, সেই বেড়া জুড়ে, কারণ সে আজ্ঞা পালন করছিল। এবং বিষন্নতা ভেঙ্গে গেল। "সদাপ্রভু এই কথা বলেন। ময়দার জালা শুন্য হবে না, এবং তৈলের ভাঁড় শুকিয়ে যাবে না, যেদিন পর্যন্ত প্রভু ঈশ্বর পৃথিবীতে বৃষ্টি না পাঠান।" ওহ, কি সান্ত্বনা !

116 সে পিষ্টক তৈরি করল। সে ভাববাদীকে তা দিল। সে ফিরে গিয়ে তার পুত্র এবং নিজের জন্যও কিছুটা তৈরি করল। তারা পৃথিবীতে, প্রচুর পরিমাণে খেয়েছিল, এবং পান করছিল।

117 এটা কোথা থেকে এসেছেল ? এটি সেখানে কিভাবে গেল ? বৈজ্ঞানিকভাবে বলুন যে ঐ খাবার কোথা থেকে এসেছিল। কোথা থেকে তেল এসেছিল ? কিভাবে সেটি সেই ভারের মধ্যে গেল ? সে প্রতিদিন সকালে এটা থেকে ঢেলে এটিকে শুকিয়ে ফেলত। সে প্রতিদিন সকালে, ময়দার জালা খালি করে ফেলত, এবং এটি শুষ্ক থাকত। কিন্তু যখন সে আরো ময়দা নেবার জন্য ফিরে যেত, তখন ময়দা সেখানে থাকত। এটা কোথা থেকে আসতো ? ঈশ্বরকে তাঁর বাক্যে গ্রহণ করুন। ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হন। তিনি সৃষ্টিকর্তা।

118 আপনি হয়তো আপনার স্বাস্থ্য হারিয়ে ফেলেছেন। আপনার সহভাগিতা হয়ত হারিয়ে যেতে পারে। তাকে তাঁর বাক্যে নিয়ে নিন। নিশ্চিত হোন যে তিনি ঈশ্বর।

এখন যে হতাশাপূর্ণ সময় দেখতে পাওয়া যাচ্ছে, তা আর দেখা যাবে না যদি আপনি তার বাক্যকে গ্রহণ করেন এবং নিশ্চিত হন যে তিনি ঈশ্বর।

119 জার্মানিতে, একবার, আমি একটি ছবি দেখেছিলাম, এবং এটি সবসময় আমার সাথে ছিল। একটি জার্মান চিত্রশিল্পী চিত্রিত করেছেন...একটি ছবি যাকে—যাকে "মেঘের দেশ" নামে ডাকা হয়। আর যখন আপনি এটির দিকে তাকান, একটি দূরবর্তী স্থান থেকে, তখন এটা ভয়ঙ্করতম বিষণ্ণতা বলে মনে হয় যা আপনি কখনও দেখেছেন। যখন আপনি একটি দূরবর্তী স্থান থেকে এটির দিকে দৃষ্টিপাত করেন, তখন মনে হয় যেন মেঘগুলো একসাথে জট পাকিয়ে আছে। কিন্তু যখন আপনি এটার খুব কাছে চলে আসেন, এটা পরিবর্তিত হয়ে যায়। এটা দুতেরা একসঙ্গে পক্ষ নাড়িয়ে, পালনকর্তার কাছে হাল্লেলুইয়া গায়। সুতরাং ঠিক কোন কোন সময়ে এটাই হল বিষণ্ণতার রূপ। যদি আপনি এটির দিকে তাকান, একটি দীর্ঘ দূরত্ব থেকে, এটিকে বিষণ্ণ এবং অন্ধকারময় দেখায়। কিন্তু ঈশ্বরকে তাঁর বাক্যে গ্রহণ করুন এবং নিশ্চিত হন যে তিনি ঈশ্বর, এবং এটির কাছাকাছি চলে যান, আপনি এটি দেখতে পাবেন যে শুধুমাত্র দুতেরা তাদের পক্ষ একসঙ্গে নাড়াচ্ছে।

120 সে ছিল কিছুটা অব্রাহামের মত, যা কিছু তার কাছে ছিল তাঁর সবকিছুই দিয়ে দিতে বলা হয়েছিল, বেদীর উপর সেটা রাখতে বলা হয়েছিল। হতে পারে আপনাকেও ওভাবে ডাকা হয়েছে, এই সকালে। আপনার নিজস্ব পথ ছেড়ে দিন। আপনার অবিশ্বাস ছেড়ে দিন। আপনার কাছে যা কিছু আছে সেগুলো সব ছেড়ে দিন। আর তারপর তেল এবং বাক্য গ্রহণ করুন, এবং এটিকে একসঙ্গে মিশ্রিত করুন, এবং আত্মত্যাগের বেদির উপর এটিকে রাখুন। আপনি খুঁজে পাবেন, এটা ঈশ্বরকে দৃশ্যে নিয়ে চলে আসবে, ঠিক ততটাই নিশ্চিতরূপে যতোটা নিশ্চিত আমি এই পুলপিটের ওপর দাঁড়িয়ে আছি।

এই বিষয়ে চিন্তা করুন যখন আমরা প্রার্থনা করবো।

121 আপনাদের কি আজ কিছুর প্রয়োজন আছে? আপনি শারীরিকভাবে প্রাপ্ত করতে যা সক্ষম তাঁর চেয়েওবেশী কিছুর প্রয়োজন আছে কি? টাকা এত কম যে আপনি আপনার ভাড়া দিতে পারছেন না? শিশুরা কি নতুন জুতো চাইছে, আর আপনি তাদের কিনে দিতে পারছেন না টাকা না থাকার কারনে? আপনার বাড়ির মধ্যে ময়দার জালা খালি হয়ে গিয়েছে, এবং ভাঁড় শুকনো হতে চলেছে? আর আপনি আপনার ভান্ডারের জন্য খাদ্য কিনতে পারছেন না? আর, সেখানে, কি কোন সমস্যা আছে? মনে রাখবেন, তিনি একটি প্রতিশ্রুতি দিয়েছেন।

122 আপনি কি অসুস্থ, আর ডাক্তার বলছেন যে আপনাকে অস্ত্রপ্রচার করতে হবে? আপনার কাছে এটা করবার জন্য টাকা নেই? আপনার প্রয়োজন আছে।

123 আপনি কি একজন পাপী? আপনার প্রয়োজন কি অনেক, এটা জেনে যে যদি ঈশ্বর আজকে আপনাকে ডেকে নেন, তবে আপনি হারিয়ে যেতে পারেন? আপনি কি বিশ্বাসে পিছিয়ে পড়া ব্যক্তি যিনি ঈশ্বরের সামনে থেকে পালিয়ে যাচ্ছেন? আর আপনি জানেন যে আপনি একটি গির্জার সাথে যুক্ত, কিন্তু আপনি জানেন যে আপনি সঠিক নন? আপনার নিজের বিবেক আপনাকে বলে, বাক্য অনুসারে, যে আপনি সঠিক নন। আর আপনার একটি প্রয়োজন আছে। এই বাক্যগুলি কাঁটাময় ভুমিতে, বা পাথরময় ভুমিতে, পাথুরে হৃদয়ে পড়তে দিবেন না। যেন তা উত্তম, উর্বর ভুমির মধ্যে পড়তে পারে।

124 যদি আপনি অসুস্থ হন এবং আপনি...ডাক্তার বলছেন যে আপনি ভাল হতে পারবেন না, এবং আপনি ঈশ্বরের কাছে প্রতিজ্ঞা করেছেন যে আপনি আপনার জীবনের সমস্ত দিন তাঁর সেবা করবেন, এবং আপনি নিশ্চিত আছেন যে তিনি ঈশ্বর, তবে আসুন তাঁর শর্ত পুরন করুন। যদি আপনার কোনও প্রয়োজন থাকে, তাহলে কি আপনি প্রথমে আপনার হাতকে ঈশ্বরের কাছে উত্তোলন করবেন, যে আপনার কোন কিছুর প্রয়োজন আছে? ঈশ্বর আপনার মঙ্গল করুক।

আসুন প্রার্থনা করা যাক।

125 ও প্রভু, আমি আজকে যতোটা নিশ্চিতরূপে এই পুলপিটের ওপর দাঁড়িয়ে আছি, আমি জানি যে সেখানে একটি হাতও আপনার অজানা হতে পারে না, কারণ আপনি ঈশ্বর। আপনি বলেছিলেন, "অনেক চড়াই পাখি কি দুটি পয়সায় বিক্রি হয় না? তোমরা একটি চড়ুই পাখির তুলনায় আরো কত বড়!" সেই মরণশীল মনুষ্যগুলোর হাতগুলোকে আপনি কত অধিক না দেখতে পান, যাদের জন্য আপনার পুত্র যীশু মৃত্যুবরন করেছেন! একটি চড়াই পাখি যা যদি এই সকালে পড়ে যেতে পারে তাঁর চেয়েও আপনি কত অধিক সেই হাতগুলোকে দেখতে পাচ্ছেন! আমি অনুমান করি...এই সকালে এক ডজন চড়াই পাখি এক টাকাতেও বিক্রি হবে না, 'কারন কেউ তাদের চায় না। তাদের কবর দেওয়া কষ্ট হবে। কিন্তু আপনি তাদের প্রতিটিকে জানেন; আপনি তাদের শরীরের প্রতিটি পালককে জানেন। আপনি আমাদের মাথার প্রতিটি চুলকে জানেন।

126 ও প্রভু, প্রার্থনার উত্তর দিন। তাদের নিশ্চিত হতে দিন, আজ সকালে, যে আপনি ঈশ্বর, এবং এটা আপনার আত্মা। এই আধুনিক যুগের নির্জীবতা এবং মোহ তাদের কাছ থেকে দূরে চলে যাক, যারা বলছে, "ওহ, আমি *অমুক* গির্জার অন্তর্গত।" ঈশ্বর, এই মুহূর্তে, যেন তাদের মন থেকে সেগুলো বিলীন হয়ে যায়। এই এক মুহুর্তে, তারা যেন অনন্ত জীবনের একটি ঝলককে ধরে নিতে পারে। এবং তারপর তারা এটির জন্য অনুসন্ধান করবে এবং ক্ষুধার্ত হবে, ঈশ্বর কি তা জানবার জন্য, এবং তারা নিশ্চিত যে তিনি আছেন। তিনি তাঁর বাক্যে স্থির থাকেন।

127 পাপীদের প্রতি, তারা যেন দ্রুত অনুতপ্ত হতে পারে, যীশু খ্রীষ্টের নামে বাপ্তিস্ম নেওয়ার জন্য প্রস্তুত হয়ে উঠতে পারে। এবং আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন আপনি তাদের পবিত্র আত্মা দিবেন। আপনি এটা বলেছেন, প্রভু। আপনি আপনার প্রতিশ্রুতি রাখেন।

128 সেখানে কিছু বিশ্বাসে পিছিয়ে পরা ব্যক্তি আছে যারা আজ নিশ্চিত যে আপনি ঈশ্বর, এবং তারা দূরে রাস্তা ভুলে ঘুরে বেরিয়েছে। আজকে তারা যেন আসতে পারে, কারণ আপনি বলেছেন, "যদিও তোমার পাপসকল সিন্দুরবর্ণ হইলেও, হিমের ন্যায় শুক্লবর্ণ হইবে। লাক্ষার ন্যায় রাঙ্গা হইলেও, মেষলোমের ন্যায় হইবে।"

129 এবং যারা অসুস্থ আছে, যেন তারা উপলব্ধি করতে পারে যে আপনি ঈশ্বর। আপনি আপনার বাক্যকে ধরে রাখেন। আপনি অবশ্যই আপনার বাক্যকে ধরে রাখেন। যখন তারা তাদেরকে রাখছে, তেলের সঙ্গে, তাদের সেই আত্মা স্বীকার করছে যে তারা বিশ্বাস করে। আর তারপর, এছাড়াও, বাক্যের সঙ্গে, জীবনের রুটি যা সেখানে চলে গেছে, সেই খ্রীষ্ট; তাদের অন্তরে স্থাপিত হয়ে গিয়েছে, পুরাতন নিয়মের মধ্যে; এবং নতুন নিয়মে, এটা দেখানোর জন্য যে তিনি গতকাল, আজ, এবং চিরতরে একই আছেন। তারা যেন সেই বাক্যটির সাথে তেল মেশাতে পারে, অর্থাৎ সেই আত্মাকে, যা তারা পেয়েছে, তারপর বেদিতে এসে তাদের পায়ের ওপর খাঁড়া হয়ে দাঁড়াতে পারে, আর বলতে পারে, "এটাই সবকিছু যা আমার কাছে আছে, প্রভু। আমি এটা নিয়ে এসেছি।"

ওহ, কিভাবে আপনি বহুগুন করে দেবেন! কিভাবে এটা ইতিহাসের ঈশ্বরকে দৃশ্যে ডেকে আনবে! কিভাবে এটা যিহোবাকে উঠিয়ে দিবে, এক হৃদয়ের উচ্ছ্বাসের সাথে, যে, "আমি একটি সন্তানকে পেয়েছি যে আমাকে মেনে চলবে। আমি তাকে পরীক্ষার মধ্যে দিয়ে তাকে নিয়ে গেছি, আর সে প্রমাণ করে যে সে আমাকে ভালবাসে এবং সে আমাকে বিশ্বাস করে। সে নিশ্চয়ই জানে যে আমি আছি।" কারণ এটা বলা আছে যে, "যে ব্যক্তি ঈশ্বরের নিকটে উপস্থিত হয় তাহার ইহা বিশ্বাস করা আবশ্যক যে ঈশ্বর আছেন, এবং যাহারা তাহার অন্বেষণ করে, তিনি তাহাদের পুরস্কারদাতা।" এই সময়ে, প্রভু এটা গ্রহন করুন, যেমন আমরা এটা আপনার কাছে সমর্পণ করে দিই।

130 আর, এখন, যখন আমরা আমাদের মাথা নত করে রেখেছি। আর যাদের কোন কিছুর প্রয়োজন আছে, আপনারা কি আপনাদের পায়ে উঠে দাঁড়াতে পারবেন, যারা রাখতে চান...এখন, যদি আপনি নিশ্চিত না হন যে তিনি ঈশ্বর... আপনি যদি নিশ্চিত হন যে তিনি ঈশ্বর, তাঁর প্রতিশ্রুতি পালন করতে যাচ্ছেন, পরিত্রাণ, সুস্থতা, যাই হোক না কেন, যদি আপনি নিশ্চিত থাকেন যে তিনি ঈশ্বর, তবে আপনার পায়ে খাঁড়া হয়ে দাঁড়ান। আপনি যদি অন্য কারো জন্য প্রার্থনা করতে চান তবে আপনার পায়ে খাঁড়া হয়ে দাঁড়ান। যদি—যদি আপনি নিশ্চিত হন যে তিনিই ঈশ্বর, আপনার অনুরোধগুলি পবিত্রগনের সমাবেশে রাখুন। আপনি এটা করছেন যেমন আপনি আপনার কাছে দাঁড়িয়ে আছেন...[টেপ-এ রিক্ত স্থান—সম্পা।]

"আমি নিশ্চিত তিনি ঈশ্বর। আমি বিশ্বাস করি যে তিনি তাঁর বাক্যকে রাখেন। এবং আমি নিশ্চিত যে আমার অনুরোধ...আমি এটাকে এখন, রক্তের অধীনে রাখব।" আপনি যদি তা করেন, তবে প্রত্যেক পাপকেই রাখুন। প্রত্যেক পাপই হল অবিশ্বাস। আপনি একটি গির্জার সদস্য হতে পারেন, কিন্তু আমি পাপের কথা বলছি, যা হল আপনার "অবিশ্বাস।" আপনি একটি আত্মাহুতি হিসাবে এটিকে নিচে স্থাপন করছেন। আপনি এটা উৎসর্গ করতে যাচ্ছন। আপনি ক্রুশের কাছে আসছেন। আপনি এখন, বলিদান করতে যাচ্ছেন, আপনার সমস্ত অবিশ্বাসকে। এবং তাকে এটি দিয়ে দিতে, আর আপনি জানেন যে তিনি আছেন, এবং আপনি নিশ্চিত যে তিনি উত্তর দিতে যাচ্ছেন। যদি আপনি এতে থাকেন, তবে আপনার হাত বাড়িয়ে দিন। ঐ ভাবেই থাকুন।

131 প্রভু, আপনি ঈশ্বর। এখানে তাদের তেল এবং তাদের শস্য, একসঙ্গে মিশ্রিত। তারা এগুলো ক্রুশের কাছে এনেছে, যেখানে ঈশ্বরের অগ্নি তাদের অন্তরে পতিত হবে (যদি তারা প্রকৃতপক্ষে সেই হৃদয়ে আসে) আর সেই বলিদানকে জ্বালিয়ে দেবে। আপনি দৃশ্যের উপর চলাচল করবেন, লুকানো জলকে উত্তোলন করবেন। স্বর্গ থেকে আসছেন, আগুনের একটি রথে চড়ে। আপনি তাদের পুরস্কৃত করার জন্য, সমগ্র আকাশ ও পৃথিবীকে কম্পমান করে দেবেন।

132 যেমন তারা ওপরে তাদের হাত তুলে দাঁড়িয়ে আছে, সাক্ষ্য দিচ্ছে যে তারা বিশ্বাস করে, এবং নিজেদেরকে রেখেছে, এবং তাদের যে সব অনুরোধ আছে, সেগুলো ঠিক আপনার বেদিতে আছে। হে স্বর্গ ও পৃথিবীর ঈশ্বর, স্বর্গ ও পৃথিবীর বিচারকর্তা, নিশ্চয়ই স্বর্গ ও পৃথিবীর বিচারক ন্যায়পরায়ণতা সম্পন্ন করবেন। নিশ্চয় তিনি তাঁর কথা রাখবেন, আপনি মানুষদের হৃদয় জানেন, নারীদের হৃদয় জানেন, এই লোকদের হৃদয় জানেন।

133 প্রভু ঈশ্বর, আমি নিজের হাত ওপরে রাখি, কারণ আমি জানি যে এখনই আমার পরিচর্যায় পরিবর্তন এসেছে। এবং আমি বিশ্বাস করি যে আপনি আছেন। আমি দেখলাম আপনি একটা অগ্নিস্তম্ভে দাঁড়িয়ে আছেন। [ভাই ব্রানহাম তিনবার পুলপিটে টোকা মারলেন—সম্পা।] আমি দেখেছি আপনি মানুষদের হৃদয়ের রহস্য অনুসন্ধান করেছেন। একবারও কখনও তা ব্যর্থ হয় নি। আপনি এটি প্রতিশ্রুতি দিয়েছিলেন ঐখানে, এই রাস্তার ওপারে, যখন আপনি প্রথম এই জিনিসগুলো করা শুরু করলেন। এবং আপনি সারা পৃথিবীতে আমায় সুরক্ষিত রেখেছেন, এবং চারিদিকে এবং চারিদিকে। আমি নিশ্চিত যে আপনি ঈশ্বর। আমি এই বিষয়ে নিশ্চিত।

134 আমি এই লোকদের সঙ্গে আমাকে উৎসর্গ করি, এবং আমার কাছে যে সব বলিদান আছে, প্রভু, আপনাকে দিই, আপনার সেবার জন্য। আমি আবার শুরু করছি, প্রভু, বিশ্বব্যাপী গিয়ে। হে ঈশ্বর, আমাকে সাহায্য করুন! আমি যদি কোনও সময় অবিশ্বাস করে থাকি, তবে আমার পাপের ক্ষমা করুন। আমার অবিশ্বাসকে ক্ষমা করুন। আমি জানি যে আপনি আছেন, এবং যারা আপনাকে খোঁজে তাদের আপনি একজন পুরস্কার প্রদানকারী।

135 অনুরূপভাবে, আমি আমার লোকদের পাপ স্বীকার করি, এই সকালে, তাদের দুর্বলতা এবং তাদের সন্দেহ, যেমন তারা শুন্যে তাদের হাত উঠিয়ে দাঁড়িয়ে আছে। আমি তাদের পাপ স্বীকার করি, প্রভু, এবং আমাদের সমস্ত দুর্বলতাগুলোকেও স্বীকার করি। পবিত্র আত্মা আমাদের উপর প্রেরণ করুন, আপনার অনুমোদনের মুদ্রার সঙ্গে, যে আপনি ঈশ্বর। আর আপনি এখন আমাদের গ্রহণ করার জন্য, এবং আমাদেরকে আপনার হাতে নিয়ে নিতে, এবং আমরা যা হারিয়ে ফেলেছি সবকিছু পুনরুদ্ধার করতে আপনি এখানে উপস্থিত আছেন। এটা যদি আমাদের স্বাস্থ্য হয়, তাহলে এটি যেন শতগুন পুনরুদ্ধার হতে পারে। যদি এটা আমাদের প্রাণ হয়, তাহলে এটা যেন ঈশ্বরের সামনে হাজির হওয়ার জন্য পবিত্র আত্মা দিয়ে পূর্ণ একটি প্রস্ফুটিত, উজ্জ্বল বস্তু হয়ে, আমাদের কাছে ফিরে আসতে পারে। যদি এটা অবিশ্বাস হয়, তাহলে এটা যেন আমাদের আবার ফিরে আসতে পারে, প্রভু, পাহাড়গুলোকে সরিয়ে দেওয়ার মত বিশ্বাসের সঙ্গে। এটা গ্রহন করুন, প্রভু।

136 আমরা বিশ্বাস করি যে আপনি চলাচল করছেন, পবিত্র আত্মা এই ভবনটি সমৃদ্ধ করছেন, এই লোকেদের উপরে এবং তাদের অন্তরে, জীবন্ত ঈশ্বরকে গ্রহণ করার জন্য তাদের দিকে এগিয়ে চলছেন। এটা আমরা যীশু খ্রীষ্টের নামে করি।

> আমার বিশ্বাস তোমার দিকে তাকায়,
> তুমি কালভেরির সেই মেষ,
> ঐশ্বরিক ত্রাণকর্তা;
> এখন আমার প্রার্থনা শ্রবন কর,
> আমার সব পাপ দূর করে দাও,
> আর আমাকেও তোমার কাছ থেকে
> দূরে সরে যেতে দিও না।

137 আপনারা কি এটাই বলতে চাইছেন? আপনারা কি এটা গ্রহন করেন? আপনাদের হাত তুলুন, বলুন, "আমি এখন এটি গ্রহণ করি। আমি বিশ্বাস করি।"

> যদিও আমি অন্ধকারের পথ ধরে চলছি,
> আমার চারপাশে বিষণ্নতা ছড়িয়ে পড়েছে,
> তুমি আমার পথপ্রদর্শক হও।
> অন্ধকারকে আলোতে পরিনত কর।
> দুঃখ ভয়কে দূর কর,
> আর আমাকেও তোমার কাছ থেকে,
> দূরে সরে যেতে দিও না।

আমাদের মাথা নত করি।

138 এই কঠোর, কেটে দেওয়ার মত বার্তা; রূঢ়, এবং একটি রুক্ষ ভাবে আনা হয়েছে, কিন্তু এটি সত্য। এবং যদি আপনারা নম্রভাবে বিশ্বাস করেন যে আপনি যা কিছু চেয়েছেন, তা আপনি গ্রহন করেছেন, সেই সোজা রাস্তা থেকে কোন কিছুই যেন আপনাকে ধাক্কা দিয়ে সরিয়ে দিতে না পারে। ঠিক সেখানেই দাঁড়িয়ে থাকুন। এটা কোনও ব্যাপার না যে আমি কতটা প্রচার করি, আমি যা কিছু করি, অথবা যা কিছু কোন ব্যক্তি করুক না কেন, এটি কার্যকর হবে না যতক্ষণ না পর্যন্ত আপনি এটিকে আপনার নিজের ব্যক্তিগত সম্পত্তি হিসাবে গ্রহণ করছেন।

139 আপনি যদি আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করেন যে, আপনি যা কিছু চেয়েছেন, যদি আপনি আপনার পাপ স্বীকার করেছেন, তাহলে ঈশ্বর আপনাকে ক্ষমা করেছেন। আপনি এটি আর সন্দেহ করবেন না। যদি আপনি একটি বিশ্বাসে পিছিয়ে পড়া ব্যক্তি হন, আপনাকে ফিরিয়ে আনা হয়েছে, এই সকালে। যদি আপনার পবিত্র আত্মার প্রয়োজন হয়, তাহলে আপনার পাপের ক্ষমা লাভের জন্য যীশু খ্রীষ্টের নামে বাপ্তাইজিত হন। এটা ঈশ্বরের বাক্য। তিনি কোন গির্জা

বা কোন সংস্থা অথবা কোন মানুষের জন্য এটি পরিবর্তন করবেন না। এটাকে ওভাবেই হতে হবে। আমাদের তাঁর প্রয়োজনীয়তাকে পূরণ করতে হবে, গির্জার প্রয়োজনীয়তা নয়, তাঁর প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। এটাই আমাদের করতে হবে।

140 তিনি বলেছেন, "বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের রক্ষা করবে।" আপনি অসুস্থ হলে, আমি আপনার জন্য বিশ্বাসের প্রার্থনা করেছি। আপনি আপনার নিজের হৃদয়ে এটি প্রার্থনা করেছেন। এবং এটি বিশ্বাস করেছেন, এটি গ্রহণ করেছেন, এটির উপর দাঁড়িয়ে আছেন। এটাকে ওভাবেই হতে হবে। কিছুই এটা নিয়ে নিতে পারবে না, কোন ব্যাপার না এটা কেমন দেখতে।

141 আপনি বলছেন, "আচ্ছা, আমি দেখতে পাচ্ছি যে আমি এখনও অসুস্থ।" এটা না...এটা শুধু দুতদের পক্ষ যা একত্রিত হয়েছে। এটাই সব। এটা আশীর্বাদের রূপে ঈশ্বর। এটা আপনার কাছে বিষণ্ন দেখাচ্ছে। এটির একটু কাছে চলে আসুন এবং আবার এটির দিকে তাকান, দেখুন যদি ঈশ্বর সেখানে দাঁড়িয়ে আছেন কিনা, তাঁর বাক্যকে ধরে রেখে।

142 এখন আমরা যখন আমাদের মাথা নত করছি, আমি ভাই নেভিলকে সেবা সমর্পণ করতে যাচ্ছি, যিনি আমাদের পালক।

ঈশ্বরের বিষয়ে নিশ্চিত হন BEN59-0125

(Be Certain Of God)

এই বার্তাটি মূলরূপে ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহাম দ্বারা ইংরাজিতে রবিবার সকালে, ২৫শে জানুয়ারি, ১৯৫৯ সালে ব্রানহাম টেবারনেকাল, জেফারসনভিলে, ইন্ডিয়ানা, ইউ.এস.এ.তে প্রচারিত হয়েছিল যা চুম্বকীয় টেপ রেকর্ডিং থেকে নেওয়া হয়েছে আর পূর্ণাঙ্গরূপে ইংরাজিতে ছাপা হয়েছে।এই বাংলা অনুবাদটি VOICE OF GOD RECORDINGS এর দ্বারা ছাপা হয়েছে এবং বিতরন করা হয়েছে।

BENGALI

©2018 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org